আরও
চাকরির খবর
ভেতরের পাতায়
কর্মক্ষেত্র
তথ্যভাণ্ডার ...পৃঃ ৫

ISSN 0971-7765

কর্মক্ষেত্র

বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

বর্ষ ৪৭ সংখ্যা ১৩ কলকাতা বুধবার, ১৪ অক্টোবর ২০২৬/১ | ২৭ আশ্বিন ১৪৩৩ দাম ৭.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

পশ্চিমবঙ্গ সরকারে
লোয়ার ডিভিশন ক্লার্ক
নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার
নমুনা প্রশ্নোত্তর
...পৃঃ ৮

শারদ শুভেচ্ছা

শারদোৎসবে সকলকে জানাই আমাদের আন্তরিক প্রীতি ও শুভেচ্ছা।

ছুটি

শারদোৎসব উপলক্ষে ১৭-২১ অক্টোবর 'কর্মক্ষেত্র'র সব দপ্তর বন্ধ থাকবে। ফলে ২১ অক্টোবর সংখ্যা বেরবে না।

পশ্চিমবঙ্গ সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক

শিক্ষাগত যোগ্যতা: অন্তত মাধ্যমিক। কম্পিউটার টাইপিং জানা থাকতে হবে। আবেদনের শেষ তারিখ ২৬ অক্টোবর, বিকেল সাড়ে ৩টে পর্যন্ত। পি এস সি ক্লার্কশিপ প্রিলিমিনারি পরীক্ষা ডিসেম্বরে।

কয়েক হাজার লোয়ার ডিভিশন ক্লার্ক নিয়োগ করবে পশ্চিমবঙ্গ সরকার। মোট শূন্যপদের সংখ্যা এখনও জানানো হয়নি। 'ক্লার্কশিপ এক্সামিনেশন ২০২৪'-এর মাধ্যমে প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট ও লোয়ার ডিভিশন ক্লার্ক পদে নিয়োগ করা হবে পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন সচিবালয়, ডিরেক্টোরেট ও রাজ্য সরকারের বিভিন্ন জেলা অফিসগুলিতে। প্রার্থীকে অবশ্যই বাংলা পড়তে, লিখতে ও বলতে জানতে হবে। পার্ট-ওয়ান পরীক্ষা হবে ডিসেম্বর মাসে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 12/2024 এখন আবেদন করা যাচ্ছে।

নিয়মানুসারে তফসিলি, ওবিসি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী ও দক্ষ খেলোয়াড়দের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে। খেলোয়াড় নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে— অ্যাথলেটিক্স (ট্র্যাক ও ফিল্ড ইভেন্টস-সহ), ব্যাডমিন্টন, বাস্কেটবল, ক্রিকেট, ফুটবল, হকি, সুইমিং, টেবিল টেনিস, ভলিবল, টেনিস, ওয়েটলিফটিং, রেসলিং, বক্সিং, সাইক্লিং, জিমন্যাস্টিক্স, জুডো, রাইফেল শ্যুটিং, কাবাডি, খো খো, আর্চারি।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। পাশাপাশি কম্পিউটার অপারেশন বিষয়ে জ্ঞান থাকতে হবে। কম্পিউটারে ইংরেজিতে প্রতি মিনিটে ২০টি শব্দ ও বাংলায় প্রতি মিনিটে ১০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই বাংলা পড়তে, লিখতে ও বলতে জানতে হবে। তবে যাঁদের মাতৃভাষা নেপালি, তাঁদের ক্ষেত্রে বাংলা ভাষা জানা বাধ্যতামূলক নয়।

খেলাধুলার যোগ্যতা: জাতীয় স্কুল গেমস, ইন্টার-ইউনিভার্সিটি প্রতিযোগিতা, জাতীয় বা আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারীরা আবেদন করবেন।

বয়স: ১-১-২০২৪ তারিখে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে। অর্থাৎ প্রার্থীর জন্মতারিখ হতে হবে ২-১-১৯৭৯ থেকে ১-১-২০০৬ এর মধ্যে। বয়সে তফসিলিরা ৫ এবং ওবিসি-রা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা ৪৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন।

বেতনক্রম: ২২,৭০০-৫৮,৫০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে দু' পর্যায়ের লিখিত পরীক্ষা (পার্ট-ওয়ান ও পার্ট-টু) এবং টাইপ টেস্টের মাধ্যমে। পার্ট-ওয়ান পরীক্ষা হবে ডিসেম্বর মাসে, কলকাতা-সহ রাজ্যের বিভিন্ন কেন্দ্রে। দার্জিলিং জেলার তফসিলি উপজাতি প্রার্থী এবং দার্জিলিং সদর, মিরিক ও কার্শিয়াং সাব-ডিভিশনের প্রার্থীদের ক্ষেত্রে পার্ট-ওয়ান পরীক্ষা হবে শুধুমাত্র দার্জিলিং পরীক্ষাকেন্দ্রে। কালিম্পং জেলার প্রার্থীদের ক্ষেত্রে পরীক্ষা হবে কালিম্পং কেন্দ্রে। পার্ট ওয়ান পরীক্ষার কেন্দ্রগুলি (ব্র্যাকেটে

এরপর চারের পাতায়

হ্যালে ১৪৬ জুনিয়র এক্সিকিউটিভ

ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায় ১৪৬ জন জুনিয়র এক্সিকিউটিভ নেবে হিন্দুস্তান এরোনটিক্স লিমিটেড (হ্যাল)। এটি কেন্দ্রের প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে ৩ বছরের চুক্তিতে।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: HAL/CHRC-TAR/RECT-03/2026.

এরপর চারের পাতায়

রেলে ৩৫৪৮ গ্র্যাজুয়েট

স্নাতক যোগ্যতায় বিভিন্ন পদে দেশ জুড়ে ৩,৫৪৮ জন কর্মী নিয়োগ করবে ভারতীয় রেল। নন-টেকনিক্যাল পপুলার ক্যাটেগরিতে (এনটিপিসি) গুডস ট্রেন ম্যানেজার, চিফ কমার্শিয়াল-কাম-টিকিট সুপারভাইজার, জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট এবং সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদে নিয়োগ করা হবে কলকাতা, শিলিগুড়ি, মালদা-সহ মোট ২১টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের (আরআরবি) মাধ্যমে। এই নিয়োগের সেন্ট্রালাইজড এমপ্লয়মেন্ট নোটিস নম্বর: ০৬/২০২৬।

প্রসঙ্গত, ২৩ সেপ্টেম্বর তারিখের 'কর্মক্ষেত্র'য় এই নিয়োগ সম্পর্কে আগাম জানানো হয়েছিল। এই সংখ্যায় বিশদে জানানো হল।

আরআরবি অনুসারে শূন্যপদের বিন্যাস: কলকাতা: চিফ কমার্শিয়াল-কাম-টিকিট সুপারভাইজার: ৭টি। গুডস ট্রেন ম্যানেজার: ১৭৭টি। জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট: ৭৬টি। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ৭২টি। **মালদা:** গুডস ট্রেন ম্যানেজার: ১৭টি। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ৯টি। **শিলিগুড়ি:** চিফ কমার্শিয়াল-কাম-টিকিট সুপারভাইজার: ৫টি। গুডস ট্রেন ম্যানেজার: ২৮১টি। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ৫টি। **আহমেদাবাদ:**

এরপর দুয়ের পাতায়

কোস্ট গার্ডে ৩৬৫

ট্রেনিং দিয়ে নাবিক (জেনারেল ডিউটি ও ডোমেস্টিক ব্রাঞ্চ), যান্ত্রিক (মেকানিক্যাল/ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স) এবং হাইজিনিস্ট পদে ৩৬৫ জন কর্মী নিয়োগ করবে ভারতীয় উপকূলরক্ষী বাহিনী। নাবিক (জেনারেল ডিউটি) পদের পুরুষ প্রার্থীরা পূর্ব, পশ্চিম, উত্তর, দক্ষিণ কিংবা মধ্য— যে-কোনও একটি জোনের জন্য আবেদন করবেন। ট্রেনিং হবে ০১/২০২৭ ও ০২/২০২৭ ব্যাচে। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন, কোস্ট গার্ড এনরোলড পার্সনস টেস্টের মাধ্যমে।

শূন্যপদের বিবরণ—

ব্যাচ: ০১/২০২৭

নাবিক (জেনারেল ডিউটি): পুরুষ: ১১৭টি (সাধারণ ৪৪, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ১২, ওবিসি ৩৬, আর্থিক ভাবে অনগ্রসর ১১)।

এরপর দুয়ের পাতায়

দিল্লি সরকারে ২১৭

পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র জুডিশিয়াল অ্যাসিস্ট্যান্ট, প্রোসেস সার্ভার, পিওন/আর্দালি/ডাক পিওন পদে ৬৪১ জনকে নিয়োগ করবে দিল্লি সরকার। নিয়োগ করা হবে দিল্লির বিভিন্ন ডিস্ট্রিক্ট ও সেশনস কোর্টে। প্রার্থী বাছাই করবে দিল্লি সাবঅর্ডিনেট সার্ভিসেস সিলেকশন বোর্ড। পশ্চিমবঙ্গের প্রার্থীরা কেবল সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদে আবেদন জানাতে পারবেন। তাই এখানে সাধারণ ক্যাটেগরির প্রার্থীদের জন্য নির্দিষ্ট ২১৭টি শূন্যপদের বিষয়ে জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 04/2026.

শূন্যপদের বিবরণ: সিনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট: শূন্যপদ: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। সেই সঙ্গে শর্টহ্যান্ডে মিনিটে ১১০টি শব্দ এবং টাইপিংয়ে মিনিটে ৪০টি শব্দের গতি থাকতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৮০০ টাকা।

পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট: শূন্যপদ: ৪৩টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক।

এরপর চারের পাতায়

ন্যাশনাল ইনশিওরেন্সে
৩১৯ অ্যাডমিন অফিসার

৩১৯ জন অ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার (স্কেল-ওয়ান) নেবে ন্যাশনাল ইনশিওরেন্স কোম্পানি। নিয়োগ হবে স্পেশ্যালিস্ট ও জেনারেলিস্ট শাখায়। স্পেশ্যালিস্টের ক্ষেত্রে ফিনান্স, লিগ্যাল, ইনফর্মেশন টেকনোলজি-সহ বিভিন্ন শাখায় নিয়োগ করা হবে। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। প্রাথমিক ভাবে ১ বছরের প্রবেশন, তবে কর্তৃপক্ষ মনে করলে প্রবেশনের মেয়াদ আরও ৬ মাস থেকে ১ বছর বাড়তে পারে।

শাখা অনুসারে শূন্যপদ: জেনারেলিস্ট: মোট শূন্যপদ ২০০টি (সাধারণ ৮০, তফসিলি জাতি ৩০, তফসিলি উপজাতি ১৫, ওবিসি ৫৫, আর্থিক ভাবে অনগ্রসর ২০)। এর মধ্যে ৯টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **স্পেশ্যালিস্ট:** মোট শূন্যপদ ১১৯টি (ফিনান্স ২০, লিগ্যাল ২০, ইনফর্মেশন টেকনোলজি ১১, অটোমোবাইল ইঞ্জিনিয়ার ২০, রিস্ক ইঞ্জিনিয়ার ২৮, এগ্রিকালচার ২০)। **ক্যাটেগরি অনুসারে শূন্যপদ:** সাধারণ ৫৭টি,

এরপর চারের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন

এয়ারক্রাফট ও ডকইয়ার্ডে ১৯৩ অ্যাপ্রেন্টিস

১৯৩ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে গোয়ার ন্যাভাল এয়ারক্রাফট ইয়ার্ড ও কর্নাটকের ন্যাভাল ডকইয়ার্ড। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ ও অ্যাপ্রেন্টিসশিপ রুলস, ১৯৯২ অনুসারে ট্রেনিং দেওয়া হবে।

আসনসংখ্যার বিবরণ: কারওয়ার, কর্নাটক: ইলেক্ট্রিশিয়ান: ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩)। **ইলেক্ট্রনিক্স মেকানিক:** ১১টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩)। **ফিটার:** ২৪টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ওবিসি ৮)। **ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি মেইন্টেন্যান্স (আইসিটিএম):** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ২)। **মেরিন ইঞ্জিন ফিটার:** ১৫টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৫)। **মেকানিক ডিজেল:** ১২টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, ওবিসি ৩)। **মেকানিক ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স:** ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩)। **মেকানিক মেকাট্রনিক্স:** ১১টি (সাধারণ ৬, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩)। **মেকানিক রেফ্রিজারেটর অ্যান্ড এসি:** ৬টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২)। **অপারেটর অ্যাডভান্স মেশিন টুল:** ৩টি (সাধারণ ২, ওবিসি ১)। **পেইন্টার (জেনারেল):** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ২)। **পাইপ ফিটার:** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ২)। **শিপরাইট উড:** ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, ওবিসি ৩)। **টেলর (জেনারেল):** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ১)। **ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক):** ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, ওবিসি ৩)। **টিআইজি/এমআইজি ওয়েল্ডার:** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ২)।

উপরোক্ত সব ক'টি ট্রেডের

এরপর চারের পাতায়

কর্মক্ষেত্র

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

কর্মখালি

আদালতে কমিশন ভিত্তিতে বাংলা ও ইংরাজি জানা কম্পিউটার টাইপিস্ট চাই। Mob: 70033-94703.

□

হাওড়ায় ইঞ্জিনিয়ারিং কারখানার জন্য Mechanical Engineer (Diploma Holder), ১ জন AUTO CAD Operator Draftsman, ১ জন মার্কার ফিটার এবং ২ জন অভিজ্ঞ গ্যাস কাটার-সহ ওয়েল্ডার মিগ মেশিন চালাতে পারবে প্রয়োজন। খুব দ্রুত। যোগাযোগ: ৯৮৩০১-২৬২১২।

□

Urgent Recruitment- Sales Person, S.L. Agarbatti Company Experienced Sales Representatives/ Sales Officer Job Locations: South 24 Parganas/ Medinipur/ Purulia/ Bardhaman/ Birbhum/ Nadia/ Bankura. যোগাযোগ: 79806-04501/ 93267-90032.

□

Reqd. sales & marketing and personal secretary for machinery dealer company Tollygunge Kolkata. dhillonmac@gmail.com. Wapp: 98313-27023.

□

মুম্বাইতে সর্বক্ষণের ঘরের কাজের জন্য মহিলা চাই। পোষ্য কুকুর পছন্দ করা অগ্রগণ্য। ফ্ল্যাটে থাকা, খাওয়া ছাড়া মাসে 15 হাজার টাকা মাসিক বেতন দেওয়া হইবে। যোগাযোগ: 94251-29879.

□

Graduate, experienced local candidates with Bike. HQ: Dumdum/ Rajarhat/ Behala/ Nadia/ Burdwan/ Murshidabad/ Howrah/ Bongaon. M. 62923-34115.

□

কর্মখালি

Tally Operator need near Kalighat, Part Time (any day/ time), for a small Firm. Send details by Whatsapp: 93304-81188.

□

স্বর্ণ ও রৌপ্য অলঙ্কার বিক্রয়কারী একটি পাইকারি প্রতিষ্ঠানের জন্য একজন অভিজ্ঞ সেলস এক্সিকিউটিভ প্রয়োজন। প্রয়োজনীয় যোগ্যতা অলঙ্কার বিক্রয়ের ক্ষেত্রে ও গ্রাহক সামলানোর ক্ষমতা এবং অ্যাকাউন্টের কাজ জানা MMI/ Tally/ Nimbus সফটওয়্যার সম্পর্কে জ্ঞান থাকলে অগ্রাধিকার দেওয়া হবে। আগ্রহী প্রার্থীরা যোগাযোগ করুন:- 91236-73352 অথবা CV পাঠান Email- sayanrbroy@gmail.com

□

(1) উকিল (35L) (2) ব্যবসা/প্রকাশনা/ mktg./PRO অভিজ্ঞ (3) Ac/Comp./ Law + Outdoor Asst. (Hazra -Podra বাসী)। 85858-92443/91230-78306.

□

কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২৪ অক্টোবর দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা
যোগাযোগ করুন:
৮৯৬১২-৪২৬২৯

কর্মখালি

Pest Control Technicians and Managers reqd. B.Sc Science with Chem. or Agri will be preferred. W/ App: 70034-83716/ 62898-76253.

□

Leading Interior Firm- Urgently reqd. with 7+ Yrs. Experience in Banking, Corporate & Residential Projects. 1) Interior designer: Expert in workplace strategy, Layouts, Concepts. 2) Site Supervisor: Expert in Site Execution. Email: scplinte@gmail.com

□

ডালহৌসি অফিসে 20-25 বয়সের ছেলে পিওন চাই মাসিক 8000/- Email CV : hardware.cbm40@gmail.com

□

Required 1 Tally Operator & 1 Store Keeper-Male/ Female for Leather Export Co Picnic Garden Area WApp-97487-07178 anjana expo@gmail.com

DISCLAIMER
SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.
assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.

পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

কোস্ট গার্ডে ৩৬৫

প্রথম পাতার পর

মহিলা: ১৩টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স ও অঙ্ক পড়ে থাকতে হবে। **বয়স:** ১-১১-২০০৫ থেকে ১-৫-২০০৯-এর মধ্যে জন্মতারিখ হতে হবে। **দৃষ্টিশক্তি:** ভালো চোখে ৬/৬ এবং খারাপ চোখে ৬/৯। চশমা থাকলে আবেদন করবেন না। **মূল বেতন:** ২১,৭০০ টাকা, সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

যান্ত্রিক (মেকানিক্যাল): ২৮টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ৭, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **যান্ত্রিক (ইলেক্ট্রিক্যাল):** ২৩টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **যান্ত্রিক (ইলেক্ট্রনিক্স):** ৯টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক। সেই সঙ্গে ইলেক্ট্রিক্যাল বা মেকানিক্যাল বা ইলেক্ট্রনিক্স বা টেলিকমিউনিকেশন (রেডিও/ পাওয়ার) ইঞ্জিনিয়ারিং বা সমতুল বিষয়ে মাধ্যমিক উত্তীর্ণদের ক্ষেত্রে ৩ বা ৪ বছর মেয়াদের এবং উচ্চ মাধ্যমিক উত্তীর্ণদের ক্ষেত্রে ২ বা ৩ বছর মেয়াদের এআইসিটিই স্বীকৃত ডিপ্লোমা।

সমতুল বিষয়গুলি হল— ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে: ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স (পাওয়ার সিস্টেম), ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার), ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইন্ডাস্ট্রিয়াল কন্ট্রোল), ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং (ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল), ইলেক্ট্রিক্যাল পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং।

মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে: মেরিন ইঞ্জিনিয়ারিং/মেরিন ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সিস্টেমস, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (প্রোডাকশন), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (অটোমোবাইল), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (রিপেয়ার অ্যান্ড মেইন্টেন্যান্স), প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং, শিপ বিল্ডিং ইঞ্জিনিয়ারিং।

ইলেক্ট্রনিক্স/ টেলিকমিউনিকেশন (রেডিও/পাওয়ার) ইঞ্জিনিয়ারিংয়ের ক্ষেত্রে: অ্যাডভান্সড ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স (ফাইবার অপটিক্স), ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং।

বয়স: ১-৫-২০০৫ থেকে ১-৫-২০০৯-এর মধ্যে জন্মতারিখ হতে হবে। **দৃষ্টিশক্তি:** উভয় চোখে ৬/২৪। **মূল বেতন:** ২৯,২০০ টাকা, সেই সঙ্গে যান্ত্রিক পে ৬,২০০ টাকা ও অন্যান্য সুযোগ-সুবিধা।

ব্যাচ: ০২/২০২৭

নাবিক (জেনারেল ডিউটি): পুরুষ: ১১৭টি (সাধারণ ৪৮, তফসিলি জাতি ১৪, তফসিলি উপজাতি ৮, ওবিসি ৩৬, আর্থিক ভাবে অনগ্রসর ১১)। মহিলা: ১৩টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। অন্যতম বিষয় হিসেবে ফিজিক্স ও অঙ্ক পড়ে থাকতে হবে। **বয়স:** ১-১১-২০০৫ থেকে ১-৫-২০০৯-এর মধ্যে জন্মতারিখ হতে হবে। **দৃষ্টিশক্তি:** ভালো চোখে ৬/৬ এবং খারাপ চোখে ৬/৯। চশমা থাকলে আবেদন করবেন না। **মূল বেতন:** ২১,৭০০ টাকা, সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

নাবিক (ডোমেস্টিক ব্রাঞ্চ): ২৫টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৫, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল পাশ। **বয়স:** ১-১১-২০০৫ থেকে ১-১০-২০০৯-এর মধ্যে জন্মতারিখ হতে হবে। **দৃষ্টিশক্তি:** উভয় চোখে ৬/৩৬। **মূল বেতন:** ২১,৭০০ টাকা, সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

হাইজিনিস্ট-১: ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৫, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা আইটিআই কোর্স পাশ বা সমতুল। **বয়স:** ১-১১-২০০২ থেকে ১-১০-২০০৯-এর মধ্যে জন্মতারিখ হতে হবে। **দৃষ্টিশক্তি:** চশমা ছাড়া উভয় চোখে ৬/৬০, চশমা-সহ ভালো চোখে ৬/৯ এবং খারাপ চোখে ৬/২৪। **মূল বেতন:** ২১,৭০০ টাকা, সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

সব ক্ষেত্রেই বয়সে ওবিসি-রা ৩ ও তফসিলিরা ৫ বছরের ছাড় পাবেন।

দৈহিক মাপজোক: উচ্চতা অন্তত ১৫৭ সেমি (মহিলাদের ক্ষেত্রে ১৫২ সেমি)। গোর্খারা উচ্চতায় ৫ সেমি ছাড় পাবেন। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। বুকের ছাতি: কেবল পুরুষদের ক্ষেত্রে ৭৭ সেমি। পুরুষ এবং মহিলা উভয়ের ক্ষেত্রেই বুকের ছাতি অন্তত ৫ সেমি ফোলানোর ক্ষমতা থাকা চাই।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটার-ভিত্তিক অনলাইন পরীক্ষা, দৈহিক সক্ষমতার পরীক্ষা, অ্যাসেসমেন্ট শ্রঅ্যান্ড অ্যাডাপ্টেবিলিটি টেস্ট, নথিপত্র যাচাই ও মেডিক্যাল এক্সামিনেশনের মাধ্যমে। কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং নেই। পরীক্ষা নভেম্বর মাসে।

কম্পিউটার-ভিত্তিক অনলাইন পরীক্ষায় পাশ করলে দৈহিক সক্ষমতার পরীক্ষার জন্য ডাকা হবে ফেব্রুয়ারি মাসে। দু'টি ব্যাচের পরীক্ষা একই সঙ্গে নেওয়া হবে। দৈহিক সক্ষমতার পরীক্ষায় থাকবে পুরুষদের ক্ষেত্রে ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১.৬ কিলোমিটার দৌড়, ২০টি স্কোয়াট (ওঠবস), ১৫টি পুশ-আপ এবং ১৫টি সিট-আপ। মহিলাদের ক্ষেত্রে থাকবে ৮ মিনিটে ১.৬ কিলোমিটার দৌড়, ১৫টি স্কোয়াট (ওঠবস), ১০টি পুশ-আপ এবং ১০টি সিট- আপ। সবশেষে নথিপত্র যাচাই ও মেডিক্যাল এক্সামিনেশন হবে।

ট্রেনিং শুরু হবে ১/২০২৭ ব্যাচের ক্ষেত্রে ২০২৭ সালের মে মাসে ও ২/২০২৭ ব্যাচের ক্ষেত্রে ২০২৭ সালের নভেম্বর মাসে। আইএনএস চিলিকায় বেসিক ট্রেনিং হবে। এর পর সি ট্রেনিং ও প্রফেশনাল ট্রেনিং হবে। প্রধান অধিকারী, প্রধান সহায়ক ইঞ্জিনিয়ার, হাইজিন সুপারভাইজার পর্যন্ত পদোন্নতির সুযোগ আছে।

অনলাইন দরখাস্ত করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssc.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। **অনলাইন দরখাস্ত করা যাবে ২১ অক্টোবর পর্যন্ত।** মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো ও ডোমিসাইল সার্টিফিকেট-সহ যাবতীয় প্রয়োজনীয় নথিপত্র জেপিজি বা জেপেগ ফর্ম্যাটে আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইন দিতে হবে ৫৫০ টাকা। ফি জমা দিতে হবে নেট ব্যাঙ্কিং বা ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো ডেবিট কার্ড বা ইউপিআইয়ের মাধ্যমে। তফসিলি প্রার্থীদের ফি লাগবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ফোন করতে পারেন এই নম্বরে: 76202-07872

রেলে ৩৫৪৮ গ্র্যাজুয়েট

প্রথম পাতার পর

গুডস ট্রেন ম্যানেজার: ১৪টি। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ৫টি। **আজমের:** চিফ কমার্শিয়াল-কাম-টিকিট সুপারভাইজার: ৪টি। গুডস ট্রেন ম্যানেজার: ২৩৬টি। জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট: ৩৫টি। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ২৯টি। **ব্যাঙ্গালোর:** চিফ কমার্শিয়াল-কাম-টিকিট সুপার-ভাইজার: ৩টি। গুডস ট্রেন ম্যানেজার: ৩০১টি। জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট: ১০টি। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ৩২টি। **ভোপাল:** চিফ কমার্শিয়াল-কাম-টিকিট সুপারভাইজার: ২টি। গুডস ট্রেন ম্যানেজার: ১৩৫টি। জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট: ১২টি। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ৮টি। **ভুবনেশ্বর:** চিফ কমার্শিয়াল-কাম-টিকিট সুপারভাইজার: ১টি। গুডস ট্রেন ম্যানেজার: ১২৮টি। জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট: ৭টি। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ১০টি। **বিলাসপুর:** চিফ কমার্শিয়াল-কাম-টিকিট সুপারভাইজার: ১টি। গুডস ট্রেন ম্যানেজার: ৫২৬টি। জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট: ১৪টি। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ১টি। **চণ্ডীগড়:** গুডস ট্রেন ম্যানেজার: ৬টি। জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট: ২৫টি। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ২৮টি। **চেন্নাই:** চিফ কমার্শিয়াল-কাম-টিকিট সুপারভাইজার: ৬টি। গুডস ট্রেন ম্যানেজার: ৭২টি। জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট: ২০টি। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ৪৩টি। **গোরখপুর:** চিফ কমার্শিয়াল-কাম-টিকিট সুপারভাইজার: ৩টি। গুডস ট্রেন ম্যানেজার: ১৩টি। জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট: ১টি। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ১৩টি। **গৌহাটি:** চিফ কমার্শিয়াল-কাম-টিকিট সুপারভাইজার: ১৮টি। গুডস ট্রেন ম্যানেজার: ৪৫টি। জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট: ৩০টি। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ১১টি। **জম্মু-শ্রীনগর:** চিফ কমার্শিয়াল-কাম-টিকিট সুপারভাইজার: ২টি। গুডস ট্রেন ম্যানেজার: ৩২টি। জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট: ১৩টি। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ১৯টি **মুম্বই:** চিফ কমার্শিয়াল-কাম-টিকিট সুপারভাইজার: ১৬টি। গুডস ট্রেন ম্যানেজার: ৮১টি। জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট: ৩৭টি। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ২১টি। **মুজফ্ফরপুর:** গুডস ট্রেন ম্যানেজার: ৭৩টি। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ৫টি। **পাটনা:** গুডস ট্রেন ম্যানেজার: ৫টি। জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট: ১৫টি। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ৯টি। **প্রয়াগরাজ:** চিফ কমার্শিয়াল-কাম-টিকিট সুপারভাইজার: ৪২টি। গুডস ট্রেন ম্যানেজার: ১৯৬টি। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ২৭টি। **রাঁচি:** চিফ কমার্শিয়াল-কাম-টিকিট সুপারভাইজার: ৬টি। গুডস ট্রেন ম্যানেজার: ৩৬০টি। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ১১টি। **সেকেন্দ্রাবাদ:** চিফ কমার্শিয়াল-কাম-টিকিট সুপারভাইজার: ১০টি। গুডস ট্রেন ম্যানেজার: ৩১টি। জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট: ৫টি। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ১০টি। **তিরুঅনন্তপুরম:** চিফ কমার্শিয়াল-কাম-টিকিট সুপারভাইজার: ১টি। গুডস ট্রেন ম্যানেজার: ২১টি। সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট: ৩টি।

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক।

মেডিক্যাল স্ট্যান্ডার্ড: চিফ কমার্শিয়াল-কাম-টিকিট সুপারভাইজার পদের ক্ষেত্রে বি-টু, গুডস ট্রেন ম্যানেজার পদের ক্ষেত্রে এ-টু এবং জুনিয়র অ্যাকাউন্টস অ্যাসিস্ট্যান্ট কাম টাইপিস্ট ও সিনিয়র ক্লার্ক কাম টাইপিস্ট পদের ক্ষেত্রে সি-টু।

বয়স: ১-১-২০২৭ তারিখে ১৮ থেকে ৩৩ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, ডিভোর্সি, আইনত স্বামীবিচ্ছিন্নারা পুনরায় বিবাহ করে না থাকলে ৩৫ বছর পর্যন্ত বয়স গ্রাহ্য হবে।

শুরুতে বেতন: চিফ কমার্শিয়াল-কাম-টিকিট সুপারভাইজার পদের ক্ষেত্রে ৩৫,৪০০ টাকা। বাকি সব ক'টি পদের ক্ষেত্রে ২৯,২০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে দু'পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্ট বা কম্পিউটার-ভিত্তিক অ্যাপ্টিটিউড টেস্টের মাধ্যমে। প্রথম পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় থাকবে জেনারেল অ্যাওয়্যারনেস (৪০ নম্বর), ম্যাথমেটিক্স (৩০ নম্বর) এবং জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (৩০ নম্বর) বিষয়ে প্রশ্ন। সময় দেড় ঘণ্টা। দ্বিতীয় পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় থাকবে জেনারেল অ্যাওয়্যারনেস (৫০ নম্বর), ম্যাথমেটিক্স (৩৫ নম্বর) এবং জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (৩৫ নম্বর) বিষয়ে প্রশ্ন। সময় দেড় ঘণ্টা। উভয় ক্ষেত্রেই নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে প্রার্থী যে-আরআরবি-র শূন্যপদে আবেদন করবেন, তার নির্দিষ্ট ওয়েবসাইটের মাধ্যমে। যে-কোনও একটি আরআরবি-র শূন্যপদে আবেদন করবেন। পশ্চিমবঙ্গের আরআরবি-র ওয়েবসাইটগুলি হল: www.rrbkolkata.gov.in (কলকাতা), www.rrbmalda.gov.in (মালদা), www.rrbsiliguri.gov.in (শিলিগুড়ি)। **অনলাইন আবেদন করা যাবে ৬ নভেম্বর পর্যন্ত।** অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর লাইভ ফটো, সই (জেপিজি ফর্ম্যাটে ৩০-৪৯ কেবি সাইজের মধ্যে) ও প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট (পিডিএফ ফর্ম্যাটে ৪০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি, সংখ্যালঘু, ট্রান্সজেন্ডার, আর্থিক ভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ফি ২৫০ টাকা। প্রথম পর্যায়ের কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় অংশ নিলে ব্যাঙ্ক চার্জ বাদ দিয়ে যথাক্রমে ৪০০ টাকা এবং ২৫০ টাকা ফেরত পাওয়া যাবে। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ৮ নভেম্বর।

ফি-র বিনিময়ে দরখাস্ত সংশোধন করা যাবে ৯ থেকে ১৮ নভেম্বর পর্যন্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https:/ /rrb.indianrailways.gov.in

স্বনির্ভরতার সন্ধান

মাইক্রোগ্রিন চাষের প্রশিক্ষণ নিয়ে ব্যবসা

নিজস্ব প্রতিনিধি: মাইক্রোগ্রিন হল বীজ থেকে সদ্য জন্মানো ছোট ছোট গাছ। এগুলি সাধারণত এক থেকে তিন ইঞ্চি লম্বা হয়। সদ্য অঙ্কুরিত মাইক্রোগ্রিন নানা ধরনের ভিটামিনে সমৃদ্ধ। পুষ্টিবিদরা ডায়েটে মাইক্রোগ্রিন সংযোজন করার পরামর্শ দিচ্ছেন। গাছের ফলে ও বীজে যে-পরিমাণ পুষ্টি থাকে, মাইক্রোগ্রিনে থাকে তার চেয়ে চল্লিশ গুণ পর্যন্ত বেশি পুষ্টি। তবে রান্না করে নয়, খেতে হবে কাঁচা। কারণ রান্না করলে পুষ্টিগুণ ব্যাহত হয়। মাইক্রোগ্রিন স্যালাড, সুপ, স্যান্ডউইচ, স্মুদি ইত্যাদিতে ব্যবহার করা যায়। মাইক্রোগ্রিনের তালিকায় বেশ জনপ্রিয়— ব্রাহ্মী, তুলসি, গম, হলুদ, পুদিনা, যব, সূর্যমুখী, বিটরুট, মুলো ইত্যাদি।

চাহিদা অনুযায়ী জোগান কম মাইক্রোগ্রিনের। তাই অনেকেই বাণিজ্যিক ভাবে মাইক্রোগ্রিনের চাষ করছেন। যেমন, নিজের ১০ ফুট বাই ১০ ফুট ঘরে মাইক্রোগ্রিন চাষ করে এখন সফল ব্যবসায়ী তামিলনাড়ুর বিদ্যাধরন নারায়ণ। তিনি ২০১৮ সালে মাত্র ১৫ হাজার টাকা পুঁজি নিয়ে ব্যবসা শুরু করেছিলেন। চেন্নাইয়ের বিভিন্ন রেস্তোরাঁয় তিনি এখন ১৮ ধরনের মাইক্রোগ্রিন জোগান দেন।

খুব কম জায়গায় মাইক্রোগ্রিন চাষ করা যায়। বড় জমির প্রয়োজন হয় না, ছোট ছোট ট্রের মধ্যে চাষ করা যায়। মাটির পরিবর্তে হাইড্রোপোনিক পদ্ধতিতেও চাষ করা যায়। দরকার পড়ে না বড় অঙ্কের পুঁজির। বিক্রির জন্য সমাজমাধ্যমের সাহায্য নিতে পারেন।

বাণিজ্যিক ভাবে মাইক্রোগ্রিন চাষ করার কথা ভাবতে পারেন বেকার তরুণ-তরুণীরা। কারণ চাহিদা থাকলেও এর জোগান কম। তবে আগে প্রশিক্ষণ প্রয়োজন। হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়ার পাশাপাশি অনলাইন প্রশিক্ষণও দিচ্ছে উত্তরপ্রদেশের গ্রেটার নয়ডার ইনস্টিটিউট অব হর্টিকালচার টেকনোলজি। চলতি মাসে শুরু হবে প্রশিক্ষণ। মহিলা-পুরুষ উভয়েই আবেদন করতে পারেন।

কোর্সের নাম: মাইক্রোগ্রিন ফার্মিং।

কী শেখানো হবে: মাইক্রোগ্রিনের বীজ রোপণ থেকে পরিচর্যা, সুরক্ষা, সংরক্ষণ এবং আধুনিক প্রযুক্তির ব্যবহার।

প্রশিক্ষণের তারিখ: অনলাইন: ১৬-১৭ অক্টোবর, অফলাইন: ২৯-৩১ অক্টোবর।

প্রশিক্ষণের সময়: অনলাইন: দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে চারটে, অফলাইন: সকাল দশটা থেকে দুপুর দেড়টা।

কোর্স ফি: অনলাইন: ৬,০০০ টাকা, অফলাইন: ৯,৮০০ টাকা।

অফলাইন কোর্সের জন্য প্রতিষ্ঠানের হোস্টেলে থেকে ট্রেনিং নেওয়ার সুবিধা আছে। থাকা-খাওয়ার খরচ আলাদা।

আবেদন করা যাবে অনলাইন, এই ওয়েবসাইটের মাধ্যমে: https://iht.edu.in বিশদ তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।

খাদ্য প্রক্রিয়াকরণের অনলাইন সরকারি প্রশিক্ষণ

নিজস্ব প্রতিনিধি: কেন্দ্রীয় সরকারের অধীনস্থ স্বায়ত্তশাসিত সংস্থা, চেন্নাইয়ের এমএসএমই টেকনোলজি ডেভেলপমেন্ট সেন্টার, খাদ্য প্রক্রিয়াকরণ বিষয়ে অনলাইন সার্টিফিকেট কোর্স পড়াবে। চলতি মাসেই শুরু হবে কোর্স। শেখানো হবে খাদ্য সংরক্ষণ পদ্ধতি, প্যাকেজিং, এফএসএসএআই-এর নিয়মাবলি, বিপণন পদ্ধতি ইত্যাদি। কোর্স শেষে সার্টিফিকেট দেবে এমএসএমই টেকনোলজি ডেভেলপমেন্ট সেন্টার, চেন্নাই। আগ্রহী পুরুষ ও মহিলারা আবেদন করতে পারেন এখনই।

কী পড়ানো হবে: ভারতীয় খাদ্য ও তার সংরক্ষণ পদ্ধতি, প্যাকেজিং, এফএসএসএআই-এর নিয়মাবলি, বিক্রয় এবং বিপণন সংক্রান্ত তথ্য, ব্যাঙ্ক এবং বিনিয়োগকারীদের জন্য প্রোজেক্ট রিপোর্ট তৈরি এবং তার উপস্থাপন, ভর্তুকি বিষয়ে ধারণা, বাজার গবেষণা ও সমীক্ষা-পদ্ধতি ইত্যাদি।

কোর্সের মেয়াদ: ১৯ থেকে ২৩ অক্টোবর। **সময়:** সন্ধে ৭টা থেকে রাত সাড়ে ৯টা। **কোর্স ফি:** ৪,৭২০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে। বিশদ জানতে ফোন করুন এই নম্বরে— ৯১-৯৫৬১২-৩৪২১১ এবং ৯১-৮৬৭৯৩-৯৫২০৭

এছাড়া ই-মেল করতে পারেন এই ই-মেল আইডিতে: msmetdc@cftichennai.in

কী পড়বেন, কী শিখবেন

চার শাখায় এম বি এ কোর্স

ফরেস্ট্রি ম্যানেজমেন্ট, সাস্টেনেবিলিটি ম্যানেজমেন্ট, সাস্টেনেবল ডেভেলপমেন্ট ও ডেভেলপমেন্ট অ্যান্ড সাস্টেনেবল ফিনান্সের এম বি এ কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ফরেস্ট্রি ম্যানেজমেন্ট। এটি কেন্দ্রের এনভায়রনমেন্ট, ফরেস্ট অ্যান্ড ক্লাইমেট চেঞ্জ মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর।

আসনসংখ্যা: ফরেস্ট্রি ম্যানেজমেন্ট ১৫০টি, সাস্টেনেবিলিটি ম্যানেজমেন্ট ৭৫টি, সাস্টেনেবল ডেভেলপমেন্ট ৭৫টি, ডেভেলপমেন্ট অ্যান্ড সাস্টেনেবল ফিনান্স ৭৫টি।

শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫০ শতাংশ (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ স্নাতক। সেই সঙ্গে ক্যাট বা জিম্যাট বা সিম্যাট বা জেভিয়ার্স অ্যাপ্টিটিউড টেস্টে উত্তীর্ণ হয়ে থাকতে হবে ও বৈধ স্কোর করে থাকতে হবে।

কোর্স ফি: ১২,৯৮,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৭,৭৮,৮০০ টাকা)।

ক্যাট বা জিম্যাট বা সিম্যাট বা জেভিয়ার্স অ্যাপ্টিটিউড টেস্টে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://iifm.ac.in আবেদনের শেষ তারিখ ৩১ ডিসেম্বর।

আবেদনের ফি বাবদ দিতে হবে ১,৫০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১,০০০ টাকা)। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি দিতে হবে।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

গাইডেন্স অ্যান্ড কাউন্সেলিংয়ে স্নাতকোত্তর ডিপ্লোমা

নিজস্ব প্রতিনিধি: পিজি ডিপ্লোমা ইন গাইডেন্স অ্যান্ড কাউন্সেলিং কোর্সে ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে। কোর্সটি পড়াবে বিশ্ববিদ্যালয়ের ডিপার্টমেন্ট অব লাইফলং লার্নিং। ১ বছরের কোর্স। দু'টি সিমেস্টার। নভেম্বর থেকে ক্লাস শুরু হওয়ার সম্ভাবনা আছে।

স্নাতকস্তরে প্রাপ্ত নম্বরের শতাংশের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। ২৮ অক্টোবর ওয়েবসাইটে প্রথম দফার মেধাতালিকা প্রকাশ করা হবে। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

কোর্সের নাম: পিজি ডিপ্লোমা ইন গাইডেন্স অ্যান্ড কাউন্সেলিং

শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও বিষয়ে তিন বা চার বছরের স্নাতক

আবেদনের ফি: ৫০০ টাকা

কোর্স ফি: ১২,০০০ টাকা

অনলাইন আবেদন করতে হবে বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইটের মাধ্যমে: www.buruniv.ac.in বিশদ তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।

দাবা প্রশিক্ষকের অনলাইন ট্রেনিং

নিজস্ব প্রতিনিধি: দাবা খেলা মানসিক দক্ষতার বিকাশে বড় ভূমিকা নেয় বলে বহু অভিভাবক তাঁদের সন্তানদের একেবারে ছোট বয়স থেকে দাবা খেলার প্রশিক্ষণ দিতে চাইছেন। ফলে দাবা খেলা শেখার স্কুলের সংখ্যা বেড়েছে এবং দক্ষ দাবা শিক্ষক বা চেস কোচের চাহিদাও তৈরি হয়েছে। সাধারণত স্কুলে, অনলাইন ক্লাসে এবং ব্যক্তিগত কোচিংয়ে শিশুদের বেসিক থেকে অ্যাডভান্সড লেভেলের দাবা খেলা শেখানো হয়।

দাবার প্রশিক্ষক হতে চাইলে প্রয়োজন প্রশিক্ষণের। প্রশিক্ষণ দিচ্ছে বিরাটি চেস অ্যাকাডেমি। এই প্রতিষ্ঠান ভারত সরকারের এমএসএমই দপ্তর কর্তৃক স্বীকৃত। বিরাটি চেস অ্যাকাডেমিতে দাবা শিক্ষকের প্রশিক্ষণ শুরু হবে ১৫ নভেম্বর। অনলাইন প্রশিক্ষণ। ফলে চাকুরিরত এবং দূরের জেলা ও রাজ্যের আগ্রহী প্রার্থীরাও এই কোর্সটি করতে পারবেন। প্রশিক্ষণ শেষে দেওয়া হবে সার্টিফিকেট। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

শিক্ষাগত যোগ্যতা: অন্তত মাধ্যমিক পাশ।

বয়স: কোনও বিধিনিষেধ নেই।

কোর্সের মেয়াদ: চার মাস।

ক্লাসের সময়: প্রতি রবিবার, সন্ধে ৭টা।

কোর্স ফি: ৪,৫০০ টাকা।

আবেদনের শেষ তারিখ: ১৪ নভেম্বর।

আবেদন করার পদ্ধতি: ফোন বা হোয়াটসঅ্যাপ করবেন এই নম্বরে: ৯৮৩৬৬-১৪৬৩৮। আবেদনের জন্য গুগল ফর্মের লিঙ্ক পাঠানো হবে প্রার্থীর হোয়াটসঅ্যাপ নম্বরে। বিস্তারিত জানতে দেখুন বিরাটি চেস অ্যাকাডেমির ওয়েবসাইট: https://www.biratichessacademy.com

অনলাইন কমিউনিকেটিভ ইংরেজি

নিজস্ব প্রতিনিধি: হিন্দির পাশাপাশি ইংরেজি ভারতের অন্যতম অফিসিয়াল ভাষা। এ ছাড়াও, ইংরেজি আন্তর্জাতিক ভাষা। বিশ্বের নানা দেশের নানা ভাষাভাষী মানুষের সঙ্গে যোগাযোগ করার জন্য ইংরেজি ভাষা শেখা প্রয়োজন।

আমাদের রাজ্যে বহু ছেলেমেয়ে বাংলা মাধ্যম স্কুলে পড়ে। সেখানে ইংরেজি দ্বিতীয় ভাষা হিসেবে পড়ানো হয়। দেখা যায়, বাংলা মাধ্যমের ছাত্রছাত্রীরা ইংরেজি লিখতে ও পড়তে পারলেও, কাজের ক্ষেত্রে ইংরেজিতে কথা বলায় তাদের জড়তা যাচ্ছে না। ফলে চাকরির ইন্টারভিউয়ে সমস্যায় পড়তে হয়। বিশেষ করে যদি সে চাকরি হয় রাজ্য বা দেশের বাইরে। এ ছাড়া যাঁরা নিজের ব্যবসা প্রতিষ্ঠা করতে চান তাঁদের জন্যও ইংরেজিতে সাবলীল কথা বলতে জানা খুব জরুরি।

অনলাইন কমিউনিকেটিভ ইংরেজি শেখাবে রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির বোস হাউস ক্যাম্পাস। মহিলা ও পুরুষ, উভয়েই আবেদন করতে পারেন।

কোর্সের নাম: কমিউনিকেটিভ ইংলিশ

বয়স: কোনও বাধানিষেধ নেই

কোর্সের মেয়াদ: ৮ মাস

ক্লাস শুরু হবে: জানুয়ারিতে

কী শেখানো হবে: ইংরেজিতে সাবলীল কথোপকথন

ক্লাস: মাসে ৩টি ক্লাস

কোর্স ফি: ৩৫০০ টাকা (এর সঙ্গে জিএসটি যুক্ত হবে)

দু'টি কিস্তিতে কোর্স ফি দেওয়া যাবে। অনলাইন আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://rkmvmbosehouse.com বিশদ তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।

স্কলারশিপের খোঁজখবর

ন্যাশনাল ফেলোশিপ স্কিম ফর শিডিউলড কাস্ট স্টুডেন্টস ২০২৬

পূর্ণ সময়ের এম ফিল বা পি এইচ ডি কোর্সে পাঠরত তফসিলি জাতিভুক্ত ছাত্রছাত্রীদের ফেলোশিপ দিচ্ছে কেন্দ্রীয় সরকারের সামাজিক ন্যায় ও সশক্তিকরণ মন্ত্রক। প্রার্থীকে অবশ্যই নেট বা গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

স্কলারশিপের পরিমাণ: প্রতি মাসে সর্বাধিক ৪২,০০০ টাকা।

আবেদন করতে হবে অফলাইনে। তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইটটি: https://www.indiascienceandtechnology.gov.in আবেদনের শেষ তারিখ ২০ ডিসেম্বর।

বাজাজ ফিনসার্ভ স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬

বি ই, বি টেক, এম ই, এম টেক ও ম্যানেজমেন্টে এম বি এ বা পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা, বা পোস্ট-গ্র্যাজুয়েট প্রোগ্রামে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে বাজাজ ফিনসার্ভ। এন আই আর এফ র‌্যাঙ্কিং অনুসারে দেশের প্রথম ২৫টি শিক্ষাপ্রতিষ্ঠানের মধ্যে যে-কোনও একটিতে পড়ার সুযোগ পেয়ে থাকতে হবে। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ১৫ লাখ টাকার নীচে।

আবেদনের যোগ্যতা: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৭৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

স্কলারশিপের পরিমাণ: বছর প্রতি ১০ লাখ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/BFAS2 আবেদনের শেষ তারিখ ১৫ অক্টোবর।

ডি এক্স সি প্রোগ্রেসিং মাইন্ডস স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬-২৭

সায়েন্স, টেকনোলজি, ইঞ্জিনিয়ারিং ও ম্যাথমেটিক্সের বিভিন্ন শাখায় স্নাতক কোর্সে পাঠরত মহিলা ও ট্রান্সজেন্ডারদের স্কলারশিপ দিচ্ছে ডি এক্স সি টেকনোলজি। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৪ লাখ টাকার নীচে।

আবেদনের যোগ্যতা: শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

স্কলারশিপের পরিমাণ: এককালীন ৫০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই লিংকের মাধ্যমে: www.b4s.in/karma/DXCS8 আবেদনের শেষ তারিখ ১৫ অক্টোবর।

টাটা ক্যাপিটাল পঙ্খ স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬-২৭

একাদশ, দ্বাদশ শ্রেণি, স্নাতক, পলিটেকনিক, ডিপ্লোমা এবং আই টি আই কোর্সে পাঠরতদের স্কলারশিপ দিচ্ছে টাটা ক্যাপিটাল। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৪ লাখ টাকার নীচে।

আবেদনের যোগ্যতা: শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

স্কলারশিপের পরিমাণ: ১৫,০০০-১৮,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/TCPS37 আবেদনের শেষ তারিখ ২৬ অক্টোবর।

উজ্জীবন স্মল ফিনান্স ব্যাঙ্ক ট্রান্সজেন্ডার স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬

নবম থেকে দ্বাদশ শ্রেণি, স্নাতক, স্নাতকোত্তর কোর্সে পাঠরত ট্রান্সজেন্ডার ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে উজ্জীবন স্মল ফিনান্স ব্যাঙ্ক লিমিটেড। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ১০ লাখ টাকার নীচে।

আবেদনের যোগ্যতা: দশম বা দ্বাদশ শ্রেণিতে মোট অন্তত ৩৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে।

স্কলারশিপের পরিমাণ: এককালীন সর্বাধিক ৪০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/USFB2 আবেদনের শেষ তারিখ ৩০ অক্টোবর।

(*তথ্য সহায়তা:* buddy4study)

এয়ারক্রাফট ও ডকইয়ার্ডে ১৯৩ অ্যাপ্রেন্টিস

প্রথম পাতার পর

ক্ষেত্রেই প্রশিক্ষণের মেয়াদ ১ বছর।

ফর্জার অ্যান্ড হিট ট্রিটার: ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ১)। **রিগার:** ৫টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ১)। **শিপরাইট উড:** ৭টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২)।

উপরোক্ত ৩টি ট্রেডের ক্ষেত্রে প্রশিক্ষণের মেয়াদ ২ বছর।

গোয়া: মোট আসনসংখ্যা: ৩০টি।

১ বছরের প্রশিক্ষণ দেওয়া হবে এই সব ট্রেডে— ইলেকট্রিশিয়ান ৫টি, ইলেকট্রিশিয়ান এয়ারক্রাফট ৫টি, ইলেক্ট্রনিক্স মেকানিক ৫টি, মেশিনিস্ট ৫টি, মেকানিক ইনস্ট্রুমেন্ট এয়ারক্রাফট ৫টি, মেকানিক রেডার অ্যান্ড রেডিয়ো এয়ারক্রাফট ৫টি।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক এবং সংশ্লিষ্ট ট্রেডে এনসিভিটি বা এসসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স পাশ। ফর্জার অ্যান্ড হিট ট্রিটার ট্রেডের ক্ষেত্রে মাধ্যমিক এবং রিগার ট্রেডের ক্ষেত্রে অষ্টম শ্রেণি পাশ হলেই আবেদন করা যাবে। আইসিটিএম এবং টিআইজি/এমআইজি ওয়েল্ডার ট্রেডের ক্ষেত্রে যথাক্রমে ইনফর্মেশন টেকনোলজি এবং ফ্যাব্রিকেশনে ব্রড বেসড বেসিক ট্রেনিং নেওয়া থাকলেও আবেদন করা যাবে।

বয়স: ১২-৪-২০২৭ তারিখে অন্তত ১৪ বছর (ঝুঁকিবহুল ট্রেডের ক্ষেত্রে ১৮ বছর) হতে হবে।

নিয়মানুসারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এর আগে কোথাও অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকলে আবেদন করবেন না।

প্রাথমিক ভাবে মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষায় মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ম্যাথমেটিক্স (৩৫ নম্বর), জেনারেল সায়েন্স (৩৫ নম্বর) এবং জেনারেল নলেজ (৩০ নম্বর) বিষয়ে। মোট নম্বর ১০০। সময়সীমা ২ ঘণ্টা। কোনও নেগেটিভ মার্কিং নেই। পরীক্ষা জানুয়ারিতে, কারওয়ারে।

প্রার্থীকে প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.apprenticeshipindia.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। রেজিস্ট্রেশনের পর ক্যান্ডিডেট প্রোফাইলটি ডাউনলোড করে এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

ক্যান্ডিডেট প্রোফাইলের সঙ্গে দেবেন প্রার্থীর বয়স ও শিক্ষাগত যোগ্যতা, কাস্ট, আধার কার্ড ও অন্যান্য প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল এবং নির্দিষ্ট বয়ানে পূরণ করা একটি সার্টিফিকেট অব আন্ডারটেকিং।

সার্টিফিকেট অব আন্ডারটেকিংয়ের বয়ান—

CERTIFICATE OF UNDERTAKING

I........ hereby state that, I am applying for enrolment for apprenticeship training at Naval Dockyard, Karwar (Or) Naval Aircraft Yard (Goa), Dabolim, Goa.

(Please tick the choice of establishment and strike out the other option).

(Signature of the candidate)

Date:.........
Place:..........

স্পিড পোস্ট বা রেজিস্টার্ড পোস্টের মাধ্যমে ৯ নভেম্বরের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: The Officer-in-Charge, Dockyard Apprentice School, Naval Dockyard, Naval Base, Karwar, Karnataka-581308.

দিল্লি সরকারে ২১৭

প্রথম পাতার পর

সেই সঙ্গে শর্টহ্যান্ডে মিনিটে ১০০টি শব্দ এবং টাইপিংয়ে মিনিটে ৪০টি শব্দের গতি থাকতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৯,৩০০-৩৪,৮০০ টাকা। সঙ্গে গ্রেড পে ৪,৬০০ টাকা।

জুনিয়র জুডিশিয়াল অ্যাসিস্ট্যান্ট: শূন্যপদ: ৭০টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। সেই সঙ্গে কম্পিউটারে মিনিটে ৪০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা। গ্রেড পে ২,৮০০ টাকা।

প্রোসেস সার্ভার: শূন্যপদ: ৩৮টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক। সেই সঙ্গে লাইট মোটর ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স-সহ ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা। গ্রেড পে ২,৪০০ টাকা।

পিয়ন/আর্দালি/ডাক পিয়ন: শূন্যপদ: ৫৬টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক। বয়স: ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। বেতনক্রম: ৫,২০০-২০,২০০ টাকা। গ্রেড পে ২,০০০ টাকা।

সব ক্ষেত্রেই ১-৬-২০২৬ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে দু' পর্যায়ের লিখিত পরীক্ষা, স্কিল টেস্ট এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র দিল্লি। প্রোসেস সার্ভার এবং পিয়ন/আর্দালি/ডাক পিয়ন পদের ক্ষেত্রে একটিমাত্র লিখিত পরীক্ষা হবে। পিয়ন/আর্দালি/ডাক পিয়ন পদের ক্ষেত্রে কোনও স্কিল টেস্ট হবে না।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://dsssbonline.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ৪ নভেম্বর পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে।

ফি বাবদ অনলাইন দিতে হবে ১০০ টাকা। অনলাইন ফি দেওয়া যাবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া-ই পে-র মাধ্যমে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। মহিলাদের ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে দেখতে পারেন এই ওয়েবসাইটটিও: https://dsssb.delhi.gov.in

হ্যালে ১৪৬ জুনিয়র এক্সিকিউটিভ

প্রথম পাতার পর

শূন্যপদের বিবরণ: সিভিল ইঞ্জিনিয়ারিং: ৭টি (সাধারণ ৫, তফসিলি জাতি ১, ওবিসি ১)। **কম্পিউটার সায়েন্স:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং:** ২৫টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **ইলেক্ট্রনিক্স:** ২১টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং:** ৭৮টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৭, ওবিসি ২১, আর্থিক ভাবে অনগ্রসর ৮)। **মেটালার্জি:** ৩টি (সাধারণ ২, ওবিসি ১)। **প্রোডাকশন:** ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ সংশ্লিষ্ট বা সমতুল শাখায় ৪ বছরের বি ই বা বি টেক।

বয়স: ১৭-১০-২০২৬ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: ৩০,০০০-১,২০,০০০ টাকা।

প্রাথমিক ভাবে মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.hal-india.co.in আবেদনের শেষ তারিখ ১৭ অক্টোবর। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্তের সময় প্রার্থীর সম্প্রতি তোলা রঙিন পাসপোর্ট মাপের ফটো (১০০ কেবি সাইজের মধ্যে) ও সই (৫০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ৫০০ টাকা। জিএসটি অতিরিক্ত। তফসিলি ও প্রতিবন্ধীদের ফি লাগবে না। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিট ও সাবমিট করা ফর্মের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

ন্যাশনাল ইনশিওরেন্সে ৩১৯ অ্যাডমিন অফিসার

প্রথম পাতার পর

তফসিলি জাতি ১৩টি, তফসিলি উপজাতি ৭টি, ওবিসি ৩০টি, আর্থিক ভাবে অনগ্রসর ১২টি। এর মধ্যে ৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

শিক্ষাগত যোগ্যতা: জেনারেলিস্ট শাখার ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি।

ফিনান্সের ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। সেই সঙ্গে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি (আইসিএআই) বা কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্সি (আইসিডব্লুএআই) পাশ।

লিগ্যালের ক্ষেত্রে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ আইনে স্নাতক বা স্নাতকোত্তর।

ইনফর্মেশন টেকনোলজির ক্ষেত্রে কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বি ই বা বি টেক অথবা এম ই বা এম টেক। এমসিএ ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। সব ক্ষেত্রেই মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলি ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর থাকতে হবে।

অটোমোবাইল ইঞ্জিনিয়ারের ক্ষেত্রে অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক অথবা এম ই বা এম টেক। অথবা ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় বি ই বা বি টেক অথবা এম ই বা এম টেক, সঙ্গে অটোমোবাইল ইঞ্জিনিয়ারিংয়ে অন্তত ১ বছরের ডিপ্লোমা। সব ক্ষেত্রেই স্নাতক অথবা স্নাতকোত্তরে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

রিস্ক ইঞ্জিনিয়ারের ক্ষেত্রে ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় (অটোমোবাইল ও ইনফর্মেশন টেকনোলজি ছাড়া) স্নাতক বা স্নাতকোত্তর। স্নাতক অথবা স্নাতকোত্তরে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

এগ্রিকালচার শাখার ক্ষেত্রে এগ্রিকালচার বা এগ্রিকালচারাল বায়োটেকনোলজি বা এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক বা স্নাতকোত্তর। স্নাতক অথবা স্নাতকোত্তরে মোট অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে।

বয়স: ১-১০-২০২৬ তারিখে ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: ৮২,৪৮৫-১,৫৬,৭৪৫ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

প্রার্থী বাছাই করা হবে দু' পর্যায়ের পরীক্ষার মাধ্যমে— প্রিলিমিনারি (১৭ নভেম্বর) ও মেন পরীক্ষা (২২ ডিসেম্বর)। সব শেষে ইন্টারভিউ। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: প্রিলিমিনারি পরীক্ষার ক্ষেত্রে কলকাতা, বর্ধমান, দুর্গাপুর, হুগলি, কল্যাণী, শিলিগুড়ি, আসানসোল। মেন পরীক্ষার ক্ষেত্রে কলকাতা ও বর্ধমান।

প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (৩০ নম্বর), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (৩৫ নম্বর), রিজনিং এবিলিটি (৩৫ নম্বর)। মোট নম্বর ১০০। মোট সময় ১ ঘণ্টা। জেনারেলিস্ট শাখার ক্ষেত্রে মেন পরীক্ষায় থাকবে রিজনিং, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, জেনারেল অ্যাওয়ারনেস, কম্পিউটার নলেজ, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড। স্পেশ্যালিস্ট শাখার ক্ষেত্রে এর সঙ্গে অতিরিক্ত থাকবে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক প্রশ্ন। উভয় ক্ষেত্রেই মোট নম্বর ২৫০। মোট সময় ৩ ঘণ্টা। সব ক্ষেত্রেই ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং রয়েছে। এ ছাড়াও মেন পরীক্ষায় থাকবে ডেসক্রিপটিভ প্রশ্ন। ৩০ নম্বরের ডেসক্রিপটিভ টেস্টে থাকবে ইংরেজিতে এসে, প্রেসি ও কম্প্রিহেনশন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nationalinsurance.nic.co.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। **অনলাইন দরখাস্তের শেষ তারিখ ২৮ অক্টোবর।**

মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (২০০×২৩০ পিক্সেল, ২০-৫০ কেবি সাইজের মধ্যে), সই (১৪০×৬০ পিক্সেল, ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেল, ২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং হাতে লেখা ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেল, ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করার পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। অনলাইন ব্যবস্থায় ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইমিডিয়েট পেমেন্ট সার্ভিস (আইএমপিএস) বা ক্যাশ কার্ড বা মোবাইল ওয়ালেটের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

পশ্চিমবঙ্গ সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক

প্রথম পাতার পর

(কোড নম্বর) হল— কলকাতা (১১), বারুইপুর (১২), ডায়মন্ড হারবার (১৩), ব্যারাকপুর (১৪), বারাসাত (১৫), হাওড়া (১৬), চুঁচুড়া (১৭), বর্ধমান (১৮), দুর্গাপুর (১৯), মেদিনীপুর (২০), তমলুক (২১), বাঁকুড়া (২২), পুরুলিয়া (২৩), ঝাড়গ্রাম (২৪), সিউড়ি (২৫), কৃষ্ণনগর (২৬), বহরমপুর (২৭), মালদা (২৮), বালুরঘাট (২৯), রায়গঞ্জ (৩০), জলপাইগুড়ি (৩১), আলিপুরদুয়ার (৩২), কোচবিহার (৩৩), শিলিগুড়ি (৩৪), কালিম্পং (৩৫), দার্জিলিং (৩৬)।

পার্ট-ওয়ান পরীক্ষায় অবজেক্টিভ ধরনের ১০০টি মাল্টিপল চয়েস প্রশ্ন হবে এই সব বিষয়ে (ব্র্যাকেটে নম্বর)— ইংরেজি (৩০ নম্বর), জেনারেল স্টাডিজ (৪০ নম্বর) এবং অ্যারিথমেটিক (৩০ নম্বর)। প্রতিটি প্রশ্নের মান ১। পরীক্ষার সময়সীমা ১ ঘণ্টা ৩০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে।

পার্ট-ওয়ান পরীক্ষায় সফল হলে পার্ট-টু পরীক্ষায় বসার সুযোগ পাওয়া যাবে। পার্ট-টু পরীক্ষার গ্রুপ এ-তে থাকবে ইংরেজিতে রিপোর্ট ড্রাফটিং, সামারি বা প্রেসি রাইটিং, বাংলা বা হিন্দি বা উর্দু বা নেপালি বা সাঁওতালি থেকে ইংরেজিতে অনুবাদ। মোট নম্বর ৫০। গ্রুপ-বি-তে থাকবে বাংলা, হিন্দি, উর্দু, নেপালি ও সাঁওতালির মধ্যে যে-কোনও একটি ভাষায় রিপোর্ট ড্রাফটিং, সামারি বা প্রেসি রাইটিং, ইংরেজি থেকে অনুবাদ। মোট নম্বর ৫০। সময়সীমা ১ ঘণ্টা।

লিখিত ফাইনাল পরীক্ষার মেধাতালিকা অনুযায়ী নির্বাচিত প্রার্থীদের ডাকা হবে কম্পিউটার ও টাইপ টেস্টের জন্য।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://psc.wb.gov.in/ প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। **অনলাইন দরখাস্ত করা যাবে ২৬ অক্টোবর পর্যন্ত।** শেষ দিন বিকেল সাড়ে ৩টে পর্যন্ত আবেদনের উইন্ডো খোলা থাকবে। প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে। অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো ও সই আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইন দিতে হবে ১১০ টাকা। পশ্চিমবঙ্গের তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ফি দিতে হবে না। দরখাস্ত সংশোধন করা যাবে ২৮ অক্টোবর থেকে ১ নভেম্বর।

খুঁটিনাটি তথ্যের জন্য নজর রাখুন উপরোক্ত ওয়েবসাইটে। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই ই-মেল আইডিতে: pscwbit01@gmail.com

কর্মক্ষেত্র তথ্যভাণ্ডার

যে-কোনও চাকরির পরীক্ষার প্রস্তুতিতে অপরিহার্য বিবিধ তথ্য।

আবিষ্কার ও আবিষ্কারক

আবিষ্কার	আবিষ্কারক	সাল
স্বয়ংক্রিয় গণকযন্ত্র (Automatic Calculator)	উইলহেলম শিকার্ড	১৬২৩
শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র (Air Conditioner)	উইলিস ক্যারিয়ার	১৯০২
অ্যানিমোমিটার (Anemometer)	লিওন বাতিস্টা আলবার্টি	১৪৫০
অ্যানিমেশন (Animation)	জে স্টুয়ার্ট ব্ল্যাকটন	-
পারমাণবিক বোমা (Atom Bomb)	জে রবার্ট ওপেনহাইমার	১৯৪৫
অ্যাসপিরিন (Aspirin)	ড. ফেলিক্স হফম্যান	১৮৯৭
উড়োজাহাজ (Airplane)	অরভিল রাইট ও উইলবার রাইট	১৯০৩
আঠালো ফিতা (Adhesive Tape)	রিচার্ড জি ড্রিউ	১৯২৩
বাইফোকাল লেন্স (Bifocal Lens)	বেঞ্জামিন ফ্র্যাঙ্কলিন	১৭৮৪
ব্যারোমিটার (Barometer)	ইভানজেলিস্টা টরিসেলি	১৬৪৩
কাঁটা তার (Barbed Wire)	জোশেফ এফ. গ্লিডেন	১৮৭৩
রক্তের গ্রুপ (Blood Group)	কার্ল ল্যান্ডস্টেইনার	১৯০০
বল পয়েন্ট পেন (Ball Point Pen)	লাজলো বিরো	১৯৩৮
সাইকেলের টায়ার (Bicycle Tyres)	জন বয়ড ডানলপ	১৮৮৮
প্যাডেল চালিত সাইকেল (Pedal Driven Bicycle)	কার্কপ্যাট্রিক ম্যাকমিলান	১৮৩৯
সেলুলয়েড (Celluloid)	অ্যালেকজান্ডার পার্কস	১৮৬১
ক্লোরোফর্ম (Chloroform)	স্যার জেমস ইয়ং সিম্পসন	১৮৪৭
একক লেন্স যুক্ত সিনে ক্যামেরা (Single Lens Cine Camera)	লুইস লি প্রিন্স	১৮৮৮
রক্ত সংবহন পদ্ধতি (Circulation of blood)	উইলিয়াম হার্ভে	১৬২৮
ডিজেল ইঞ্জিন (Diesel Engine)	রুডলফ ডিজেল	১৮৯২
সেন্টিগ্রেড স্কেল (Centigrade Scale)	অ্যান্ডার্স সেলসিয়াস	১৭৪২
ক্লোরিন (Chlorine)	কার্ল উইলহেলম শেলে	১৭৭৪
ডিনামাইট (Dynamite)	আলফ্রেড নোবেল	১৮৬৭
ইলেকট্রিক স্টোভ/ কুকার (Electric stove / cooker)	উইলিয়াম এস হ্যাডাওয়ে	১৮৯৬
ইলেকট্রোস্কোপ (Electroscope)	উইলিয়াম গিলবার্ট	১৬০০
বৈদ্যুতিক পাখা (Electric Fan)	স্কাইলার হুইলার	১৮৮২
বৈদ্যুতিক ব্যাটারি (Electric Battery)	আলেসান্দ্রো ভোল্টা	১৮০০
এলিভেটর/ লিফট (Elevator)	এলিশা জি ওটিস	১৮৫২
বৈদ্যুতিক মোটর-ডিসি (Electric Motor-DC)	থমাস দাভেনপোর্ট	১৮৭৩
ইলেক্ট্রোম্যাগনেট (Electromagnet)	উইলিয়াম স্টারজিয়ন	১৮২৪
ফ্লুওরিন (Fluorine)	আন্দ্রে-মারি অ্যাম্পিয়ার	১৮১০
ঝরনা কলম (Fountain Pen)	পেত্রাচে পোয়েনারু	১৮২৭
গ্রামোফোন (Gramophone)	ই বার্লিনার	১৮৮৭
হাইড্রোজেন (Hydrogen)	হেনরি ক্যাভেন্ডিশ	১৭৬৬
হেলিকপ্টার (Helicopter)	ইগর সিকোরস্কি	১৯৩৯
হিলিয়াম (Helium)	পিয়ের জনসেন ও জোসেফ লকইয়ার	১৮৬৮
ইনসুলিন (Insulin)	স্যার ফ্রেডেরিক বান্টিং ও চার্লস বেস্ট	১৯২৩
জেট ইঞ্জিন (Jet Engine)	স্যার ফ্রাঙ্ক হুইটল এবং হ্যান্স ভন ওহাইন	১৯৩৬
বজ্ররোধক (Lightning Conductor)	বেঞ্জামিন ফ্র্যাঙ্কলিন	১৭৫২
যাত্রী পরিবহণ যোগ্য বাষ্পীয় রেলইঞ্জিন (Railway Steam Engine)	রবার্ট স্টিফেনসন	১৮২৫
লেজার (Laser)	থিওডোর মাইম্যান	১৯৬০
বৈদ্যুতিক বাল্ব (Light Bulb)	থমাস আলভা এডিসন	১৮৫৪
মোটর সাইকেল (Motorcycle)	গোতলিয়েভ ডেইমলার	১৮৮৫
অণুবীক্ষণ যন্ত্র (Microscope)	জ্যাকারিয়াস জানসেন	১৫৯০
মাইক্রোফোন (Microphone)	অ্যালেকজান্ডার গ্রাহাম বেল	১৮৭৬
মেশিনগান (Machine Gun)	রিচার্ড গ্যাটলিং	১৮৬১
নিয়ন ল্যাম্প (Neon Lamp)	জর্জ ক্লড	১৯১৫
অক্সিজেন (Oxygen)	জোশেফ প্রিস্টলি	১৭৭৪
ওজোন (Ozone)	ক্রিশ্চিয়ান ফ্রেডেরিক শোনবেঁই	১৮৩৯

আবিষ্কার	আবিষ্কারক	সাল
পিয়ানো (Piano)	বার্তোলোমিও ক্রিস্টোফোরি	১৭০০
ছাপাখানা (Printing Press)	ইয়োহানেস গুটেনবার্গ	১৪৪০
প্যারাশুট (Parachute)	লুইস সেবাস্টিয়ান লেনোরমান্দ	১৭৮৩
পোলিও ভ্যাকসিন (Polio Vaccine)	জোনাস এডওয়ার্ড সল্ক	১৯৫৫
পর্যায় সারণি (Periodic Table)	দিমিত্রি মেন্ডেলিফ	১৮৬৯
পেনিসিলিন (Penicillin)	আলেকজান্ডার ফ্লেমিং	১৯২৮
পেসমেকার (Pacemaker)	রুন এলমকভিস্ট	১৯৫২
রেফ্রিজারেটর (Refrigerator)	উইলিয়াম কুলেন	১৭৪৮
রেডিয়াম (Radium)	মেরি কুরি ও পিয়ের কুরি	১৮৯৮
ভালকানাইজড রাবার (Vulcanized Rubber)	চার্লস গুডইয়ার	১৮৪১
রকেট ইঞ্জিন (Rocket Engine)	রবার্ট এইচ গডার্ড	১৯২৬
রেডিও (Radio)	গুগলিয়েমো মার্কনি	১৮৯৪
রিখটার স্কেল (Richter Scale)	চার্লস রিখটার	১৯৩৫
জাহাজের টারবাইন (Ship Turbine)	চার্লস পার্সনস	১৮৯৪
সাবমেরিন (Submarine)	কর্নেলিস ড্রেবেল	১৬২০
স্টেথোস্কোপ (Stethoscope)	রেনি লেনেক	১৮১৬
স্যাক্সোফোন (Saxophone)	অ্যাডলফ স্যাক্স	১৮৪৬
সেলাই মেশিন (Sewing Machine)	এলিয়াস হো	১৮৪৬
সিন্থেসাইজার (Synthesizer)	ডক্টর রবার্ট আর্থার মুগ	১৯৬৪
থার্মোমিটার (Thermometer)	গ্যালিলিও গ্যালিলেই	১৫৯৩
পারদ থার্মোমিটার (Mercury Thermometer)	ড্যানিয়েল গ্যাবরিয়েল ফারেনহাইট	১৭১৪
বিবর্তনবাদ তত্ত্ব (Theory of Evolution)	চার্লস ডারউইন	১৮৫৮
টাইপরাইটার (Typewriter)	ক্রিস্টোফার লাথাম শোলস	১৮৬৭
ট্রানজিস্টর (Transistors)	জন বার্ডিন, উইলিয়াম শকলি ও ওয়াল্টার ব্রাটেন	১৯৪৭
টেলিফোন (Telephone)	আলেকজান্ডার গ্রাহাম বেল	১৮৭৪
ভ্যাকুয়াম ক্লিনার (Vacuum Cleaner)	হুবার্ট সেসিল বুথ	১৯০১
ভিটামিন-এ (Vitamin A)	এলমার ম্যাকলাম এবং মার্গারাইট ডেভিস	১৯১৩
ভিটামিন-বি (Vitamin B)	ক্রিশ্চিয়ান এজম্যান	১৮৯৭
ভিটামিন-সি (Vitamin C)	আলবার্ট সেন্ট-গিয়োর্গি এবং চার্লস গ্লেন কিং	১৯২০
ভিটামিন-কে (Vitamin K)	হেনরিক দাম	১৯২৯
ভিটামিন-ই (Vitamin E)	হারবার্ট ম্যাকলেন ইভান্স ও ক্যাথরিন স্কট বিশপ	১৯২২
ভিটামিন-বি ওয়ান (Vitamin B1)	ক্যাসিমির ফ্রাঙ্ক	১৯১০
ভিটামিন-বি টু (Vitamin B2)	রিচার্ড কুন	১৯২০
ভিটামিন-বি থ্রি (Vitamin B3)	কনরাড এলভেহেম	১৯৩৭
ভিটামিন-বি ফাইভ (Vitamin B5)	রজার জে উইলিয়ামস	১৯৩১
ভিটামিন-বি সিক্স (Vitamin B6)	পল গিওর্গি	১৯৩৪
ভিটামিন-বি সেভেন (Vitamin B7)	মার্গারেট অ্যাভারিল বোয়াস	১৯৩৬
ভিটামিন-বি নাইন (Vitamin B9)	লুসি উইলস	১৯৪১
ভিটামিন-বি টুয়েলভ (Vitamin B12)	মারি শর্ব, কার্ল ফোলকার্স এবং আরনেস্ট স্মিথ	১৯৪৮
ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব (World Wide Web)	টিম বার্নার্স লি এবং রবার্ট কাইলিয়াউ	১৯৮৯
এক্স-রে (X-ray)	উইলহেম কনরাড রন্টজেন	১৮৯৫
জেরক্স মেশিন (Xerox Machine)	চেস্টার কার্লসন	১৯৩৮
ডিএনএ-র গঠন (Structure of DNA)	জেমস ওয়াটসন এবং ফ্রান্সিস ক্রিক	১৯৫৩
আপেক্ষিকতাবাদ তত্ত্ব (Theory of Relativity)	আলবার্ট আইনস্টাইন	১৯০৫ও১৯১৫
পাতসংস্থান তত্ত্ব (Plate Tectonics Theory)	আলফ্রেড ওয়েগনার	১৯১২
বিগ ব্যাং তত্ত্ব (Big Bang Theory)	জর্জেস লেমাত্রে	১৯২৭
ইলেকট্রন (Electron)	জে জে টমসন	১৮৯৭
প্রোটন (Proton)	আর্নেস্ট রাদারফোর্ড	১৯১৭
নিউট্রন(Neutron)	জেমস চ্যাডউইক	১৯৩২

কারেন্ট অ্যাফেয়ার্স ১

৩০ সেপ্টেম্বর-৬ অক্টোবর

১ অক্টোবর এইচডিএফসি ব্যাঙ্কের পরবর্তী এমডি এবং সিইও হচ্ছেন অনুপ বাগচি। রিজার্ভ ব্যাঙ্ক এদিন তাঁর নিয়োগে সায় দিয়েছে। তিনি শশীধর জগদীশনের স্থলাভিষিক্ত হবেন। অক্টোবরের ২৭ তারিখ থেকে তিন বছরের জন্য দেশের বৃহত্তম বেসরকারি ব্যাঙ্কটির দায়িত্বে থাকবেন তিনি। উল্লেখ্য, শশীধরের ছ'বছরের জমানায় অনৈতিক আচরণ থেকে পরিচালনার দক্ষতা নিয়ে নানা প্রশ্নের মুখে পড়েছে এইচডিএফসি ব্যাঙ্ক।

ভারতীয় পাইলট স্মিত মচ্ছরকে তাঁর সাহসিকতার জন্য 'বিশিষ্ট গুজরাট গরিমা পুরস্কার' দেওয়া হবে বলে জানাল গুজরাট সরকার। সৌদি আরবে চিকিৎসাধীন ক্যাপ্টেন মচ্ছর তাঁর বীরত্বপূর্ণ কাজের জন্য প্রশংসিত হয়েছেন। ১৭৪ জন বিমানযাত্রীর প্রাণ বাঁচিয়েছেন তিনি।

লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী থেকে মমতা বন্দ্যোপাধ্যায়, অভিষেক বন্দ্যোপাধ্যায় সহ একাধিক বিরোধী নেতা একসুরে নির্বাচন কমিশনের অন্দরে কমিশনের ডিজি (তথ্যপ্রযুক্তি) সীমা খন্নার ভূমিকা নিয়ে প্রশ্ন তুললেন। সীমা ইসিআইনেট অ্যাপে থাকা ই-ভোটার তালিকা পুরোপুরি নিজের নিযন্ত্রণে রেখে দিয়ে রাজ্যের ইআরও-দের যোগ্য ভোটারদের নাম তুলতে দেননি বলে অভিযোগ উঠেছে। এমনকি নতুন ভোটারদের নাম তোলার জন্য নির্বাচন কমিশনের যে ফর্ম-৬ রয়েছে তাতেও রদবদল করার জন্য সফটওয়্যারে পরিবর্তন করা হয়েছিল বলে অভিযোগ। এদিন ইন্ডিয়া মঞ্চের আলোচনায় উঠে আসে, ২০২৩-এর নির্বাচন কমিশনার নিয়োগ আইনে জ্ঞানেশ কুমারকে সবরকম আইনি প্রক্রিয়া থেকে রক্ষা কবচ দিয়ে রাখা হয়েছে। কিন্তু নির্বাচন কমিশনের ডিজি (তথ্যপ্রযুক্তি) সীমা খন্নার সেই রক্ষাকবচ নেই। তাই বিরোধীদের আক্রমণের তির তাঁর দিকেই।

এশিয়ান গেমসে নৌকাবাইচে ভারতকে রুপো এনে দিলেন মনু ফ্রান্সিস এবং প্রিন্স নোবেল কুরসিনকাল। কুস্তিতে ৯৭ কেজি বিভাগে নীতেশ সিওয়াচ মঙ্গোলিয়ার প্রতিযোগীকে হারিয়ে ফাইনালে উঠলেও সেখানে হেরে যাওয়ায় রুপো পেয়েছেন। স্কোয়াশে ব্রোঞ্জ জিতেছে ভারতের পুরুষ ও মহিলা দল। দলগত বিভাগে দুই দলকেই সেমিফাইনালে হার স্বীকার করতে হয়েছে। তিরন্দাজিতে গণেশ মণিরত্নম তিরুমুরু ভিয়েতনামের প্রতিদ্বন্দ্বীকে হারিয়ে এদিন ব্রোঞ্জ জিতেছেন।

আগামী বছর অক্টোবরে দক্ষিণ আফ্রিকার মাটিতে হতে চলা ৫০ ওভারের ক্রিকেট বিশ্বকাপের ক্রীড়াসূচি প্রকাশিত হল। বিশ্বকাপে ভারতের গ্রুপে রয়েছে অস্ট্রেলিয়া, পাকিস্তান, আফগানিস্তান এবং জিম্বাবোয়ে। এছাড়া থাকবে কোয়ালিফায়ার 'এ'। এবারের বিশ্বকাপে দেখা যাবে সুপার সেভেন পর্ব। যেখানে দু'টি গ্রুপের প্রথম তিনটি করে দল চলে যাবে সুপার সেভেন পর্বে। সপ্তম দলটি ঠিক হবে, দু'টি গ্রুপের চতুর্থ স্থানে থাকা দলের মধ্য থেকে। দু'টি গ্রুপের চতুর্থ স্থানে থাকা দু'টি দলের মধ্যে পয়েন্টের বিচারে যারা এগিয়ে থাকবে, তারাই চলে যাবে সুপার সেভেনে।

২ অক্টোবর জল এবং ভূমি সংরক্ষণের জন্য এদিন থেকে রাজ্যে 'সংস্কার উৎসব' চালু করার সিদ্ধান্ত নিল রাজ্য সরকার। সরকারি সূত্রে জানানো হয়েছে, প্রায় ৯,৫৯৭টি গ্রাম পঞ্চায়েতকে এর আওতায় আনা হয়েছে। প্রাথমিক পর্যায়ে ১,২৬০টি গ্রাম পঞ্চায়েতে ১২৬টি জলবিভাজিকা উন্নয়নের উদ্যোগ নেওয়া হবে। এতে বরাদ্দ বৃদ্ধি করে সমতল এলাকার জন্য প্রতি হেক্টরে ১২ হাজার টাকা বেড়ে হয়েছে ২২ হাজার টাকা এবং পাহাড়ি ও দুর্গম এলাকায় ১৫ হাজারের বদলে বরাদ্দ হয়েছে ২৮ হাজার টাকা।

দক্ষিণ কোরিয়াকে ৫-৩ ব্যবধানে হারিয়ে এশিয়ান গেমসে প্রথমবার ভারতের মহিলা দল তিরন্দাজির রিকার্ভে সোনা জিতল। বাংলার অঙ্কিতা ভকত ছাড়াও ভারতীয় দলে ছিলেন কীর্তি শর্মা এবং কুমকুম মোহদ। উল্লেখ্য, চলতি বছরেই সাংহাইয়ে এশিয়ান গেমসের আগে তিরন্দাজি বিশ্বকাপে চিনকে হারিয়ে সোনা জিতেছিল ভারতের মহিলা দল। সেই জয় বাড়িয়েছিল আত্মবিশ্বাস। এদিন মেয়েদের সোনা জয়ের দিনে পুরুষদের দল রুপো পেয়েছে। মিক্সড টিমেও এসেছে রুপো।

৩ অক্টোবর হকি, ক্রিকেট ছাড়াও এশিয়ান গেমসের শেষ দিন ব্যক্তিগত বিভাগে ভারত আরও তিনটি সোনা পেল। সব মিলিয়ে ২১টি সোনা এবং ৮৫টি পদক নিয়ে ভারত গতবারের মতোই শেষ করল চতুর্থ স্থানে। তবে হ্যাংঝু এশিয়ান গেমসে ছিল ২৮টি এবং মোট পদক ছিল ১০৭। এদিন ব্যক্তিগত বিভাগে যে তিনটি সোনা আসে সেগুলি হল তিরন্দাজিতে কুমকুম মোহদ, গলফে প্রণবী উর্স এবং কুস্তিতে আমন শেরাওয়াত। এশিয়ান গেমসে মহিলাদের ব্যক্তিগত গলফে সোনা জিতে প্রথম ভারতীয় মহিলা হিসেবে নজির গড়লেন প্রণবী। তিরন্দাজিতে কুমকুম দক্ষিণ কোরিয়ার ও ইয়ে জিনকে হারিয়ে প্রথম ভারতীয় মহিলা হিসেবে ব্যক্তিগত রিকার্ভে সোনা জিতলেন। অলিম্পিক্সে ব্রোঞ্জজয়ী আমন ৫৭ কেজি বিভাগের ফাইনালে হারান উত্তর কোরিয়ার বিশ্ব চ্যাম্পিয়ন চং সোং হানকে।

ভারতের মহিলা হকি দলের ইতিহাস গড়ার পরের দিন এশিয়ান গেমসে সোনা জিতল ভারতের পুরুষ হকিদলও। মালয়েশিয়াকে ৫-১ গোলে হারিয়ে টানা দ্বিতীয়বার সোনা জিতল ভারত। জোড়া গোল অধিনায়ক হরমনপ্রীতের। ১১ ও ৫৭ মিনিটে গোল করেন তিনি। এছাড়া গোল করেন যুগরাজ সিংহ (২৩), হার্দিক সিংহ (৪২) এবং শৈলেন্দ্র লাকরা (৫৪)। মালয়শিয়ার একমাত্র গোলদাতা শেলো সিলভেরিয়াস (১৪)। এই সোনা জয়ের ফলে একইসঙ্গে ২০২৮ লস অ্যাঞ্জেলেস অলিম্পিক্সেও যোগ্যতা অর্জন করল ভারত।

জ্ঞানেশ কুমারের ইস্তফার দাবিতে দিল্লিতে প্রতিবাদ কর্মসূচি

২ অক্টোবর: মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পদত্যাগের দাবিতে নয়াদিল্লিতে প্রতিবাদ কর্মসূচি নিল বিভিন্ন বিরোধী রাজনৈতিক দল এবং সিজেপি (ককরোচ জনতা পার্টি)-র মতো প্রতিবাদী মঞ্চ। আন্দোলনের জেরে দিনভর পুলিশ ও বিভিন্ন রাজনৈতিক সংগঠনের মধ্যে সংঘর্ষ বাধল। পুলিশ সহস্রাধিক আন্দোলনকারীকে গ্রেফতার করে দিল্লির বিভিন্ন থানায় নিয়ে যায়। পরে অবশ্য দিল্লির বিভিন্ন প্রান্তে গিয়ে তাদের ছাড়া হয়। আন্দোলনকারীদের সমর্থনে বিবৃতি দেন লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী। অন্যদিকে এদিন মুম্বইয়ের শিবাজি পার্কে সিজেপি-র ডাকে বহু মানুষের জমায়েত হয় 'জেল ভরো আন্দোলন'-এ। দিল্লিতে সংঘর্ষ হলেও মুম্বইয়ের জমায়েত ছিল শান্তিপূর্ণ।

"আমরা রাজঘাটে প্রার্থনা করেছি যে বিজেপি সরকার, নরেন্দ্র মোদী, অমিত শাহের সুবুদ্ধি হোক। গান্ধী-নেহরু-পটেলের মতো মহান রাষ্ট্রনেতারা দেশকে স্বাধীন করেন, মানুষকে ভোটাধিকার দিয়েছিলেন। সেই ভোটাধিকার মোদী-শাহ ছিনিয়ে নিচ্ছেন। তাই তাঁদের সুবুদ্ধি হওয়া জরুরি।"

মল্লিকার্জুন খড়্গে, *কংগ্রেস সভাপতি*

বিরোধী জোটের নেতা-নেত্রীদের সঙ্গে রাজঘাটে মহাত্মা গান্ধীর সমাধিস্থলে শ্রদ্ধা জানিয়ে

এশিয়ান গেমসে ছেলেদের ক্রিকেটেও সোনা ভারতের

৩ অক্টোবর: এশিয়ান গেমসে ছেলেদের ক্রিকেটেও সোনা জিতল ভারত। জয় এল পাকিস্তানকে ১৯ রানে হারিয়ে। মহিলা ক্রিকেট দল গেমসে ভারতকে প্রথম সোনা এনে দেয়। শ্রেয়স আয়ারের নেতৃত্বে পুরুষ ক্রিকেট দল জিতল গেমসে ভারতের ১৯তম সোনা। প্রথমে ব্যাট করে ভারত করে ৬ উইকেটে ২১১ রান। সোনা জয়ের লক্ষ্য নিয়ে ব্যাট করতে নেমে পাকিস্তানের ইনিংস শেষ হয় ৬ উইকেটে ১৯২ রানে। এশিয়ান গেমসের এই ফাইনালেই ভারত-পাকিস্তান টি টোয়েন্টি ক্রিকেটের সবচেয়ে বেশি ৪০১ রান উঠল।

মেয়েদের হকিতে সোনা জিতে ইতিহাস ভারতীয় দলের

২ অক্টোবর: ৪৪ বছর পর এশিয়ান গেমসে মেয়েদের হকিতে সোনা পেল ভারত। গতবারের চ্যাম্পিয়ন চিনকে ১-০ হারিয়ে চ্যাম্পিয়ন হল ভারতের মেয়েরা। ম্যাচের ১০ মিনিটে দুরন্ত রিভার্স শটে ম্যাচের একমাত্র গোলটি করেন লালরেমসিয়ামি। এই জয়ে ২০২৮ লস অ্যাঞ্জেলেস অলিম্পিক্সে সরাসরি যোগ্যতা অর্জন করল ভারতের মহিলা দল। জাতীয় হকি সংস্থা হকি ইন্ডিয়া জয়ী দলের খেলোয়াড়দের প্রত্যেকের জন্য ১১ লক্ষ টাকা এবং প্রত্যেক সাপোর্ট স্টাফের জন্য ৫.৫ লক্ষ টাকা পুরস্কার ঘোষণা করেছে।

তিরন্দাজিতে তিনটি সোনা ভারতের

৩০ সেপ্টেম্বর: এশিয়ান গেমসে কম্পাউন্ড তিরন্দাজিতে তিনটি সোনা পেল ভারত। প্রথমে মহিলাদের দলগত কম্পাউন্ড আর্চারিতে চ্যাম্পিয়ন হলেন জ্যোতি সুরেখা ভেন্নাম, চিকিতা তানি পার্থী এবং প্রীতিকা প্রদীপ। পরে মিক্সড কম্পাউন্ড ইভেন্টে সোনা আসে। এক্ষেত্রে দক্ষিণ কোরিয়ার জুটিকে শুটআউটে হারিয়ে দিলেন সাহিল যাদব ও চিকিতা। এর পরে পুরুষরা দলগত ভাবে হারালেন চিনকে। ভারতীয় দলে ছিলেন কুশল দালাল, সাহিল যাদব এবং গণেশ মণিরত্নম তিরুমুরু। তাঁরা চিনের চেয়ে ২ পয়েন্ট পিছিয়ে গিয়েও শেষ পর্যন্ত ২৩৮-২৩৭ ফলে জয় পান।

বক্সিংয়ে একদিনে তিন সোনা

২ অক্টোবর: এশিয়ান গেমসে মহিলাদের ৭৫ কেজি বিভাগে সোনা জিতলেন আসামের বক্সার লাভলিনা বরগোহাঁই। সেই সঙ্গে ২০১৪ সালে মেরি কমের পর এশিয়ান গেমসের মঞ্চে প্রথম ভারতীয় মহিলা বক্সার হিসেবে সোনা জিতলেন লাভলিনা। তিনি এদিন হারিয়েছেন চিনের জিয়ি বাওকে। মহিলাদের ৬৫ কেজি বিভাগে সোনা পেয়েছেন পরভীন হুডা। চিনা তাইপের চেন নিয়েন-চেনের বিরুদ্ধে জয়লাভ করেন তিনি। মহিলাদের সোনা জয়ের পাশাপাশি পুরুষদের ৮০ কেজি বিভাগের ফাইনালে অঙ্কুশ পঙ্ঘাল দক্ষিণ কোরিয়ার কিম মিনসিওংকে হারিয়ে বক্সিং থেকে ভারতকে এদিনের তৃতীয় সোনা এনে দেন। অনান্য বিভাগ মিলিয়ে একদিনে মোট ছ'টি সোনা জিতে ভারত পদক তালিকায় পঞ্চম স্থানে উঠে এল।

ফিফা ফ্রেন্ডলিতে ব্রাজিলের কাছে হার ভারতের

৩ অক্টোবর: কলকাতার যুবভারতী ক্রীড়াঙ্গনে ফিফা ফ্রেন্ডলি ম্যাচে ব্রাজিলের কাছে ৪ গোলে হারল ভারত। প্রথমার্ধে ২৮ মিনিটে এস্তেভাও এবং ৪২ মিনিটে পেদ্রো গোল করে ২-০ এগিয়ে দেন ব্রাজিলকে। দ্বিতীয়ার্ধের ৫৮ মিনিটে এবং ইনজুরি টাইমের ৫ মিনিটে স্যামুয়েল লিনো শেষ দু'টি গোল করেন। চার গোলে হারলেও ভারতের লড়াই বিশেষজ্ঞদের প্রশংসা পেয়েছে। উল্লেখ্য, পাঁচবারের বিশ্বকাপজয়ী ব্রাজিলের ফিফা র‍্যাঙ্কিং ৬। ভারত ১৩৮ নম্বরে। দু'দলের র‍্যাঙ্কিংয়ের পার্থক্য ১৩২ হলেও ভারতীয়দের খেলার প্রশংসা করেছেন ব্রাজিলীয় কোচ কার্লোস আনচেলোত্তি।

কারেন্ট অ্যাফেয়ার্স ২

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের ইস্তফার দাবিতে ফের ছাত্র-যুবদের ডাকা বিক্ষোভে উত্তাল হল দিল্লির প্রাণকেন্দ্র যন্তর মন্তর সংলগ্ন এলাকা। এদিনও চলে ধরপাকড়। এদিন পড়ুয়াদের সঙ্গে পা মেলান প্রশান্ত ভূষণ,

আকাশবাণীতে ধর্ণা দিয়ে চমক রাহুলের

৬ অক্টোবর: সংসদের মকরদ্বার থেকে শুরু হওয়া বিরোধী শিবিরের মহামিছিল রাহুল গান্ধী শেষ করলেন আকাশবাণী ভবনের ধর্ণায়। নির্বাচন সদন অভিমুখী বিরোধী সাংসদদের অভিযানে কংগ্রেসের পাশাপাশি মমতাপন্থী তৃণমূল, অখিলেশ যাদব-সহ এসপি, শরদপন্থী এনসিপি, আরজেডি এবং ওড়িশার নবীন পট্টনায়কের দল বিজেডি-র সাংসদরাও হাজির ছিলেন। বিক্ষোভ মিছিল শেষ হয়ে যাওয়ার পর বোন প্রিয়ঙ্কাকে নিয়ে অপ্রত্যাশিতভাবে আকাশবাণী ভবনে ধর্ণায় বসেন রাহুল। পরে মমতাপন্থী তৃণমূল এবং এসপি নেতাদেরও ধর্ণায় ডেকে নেন রাহুলের সঙ্গে থাকা কংগ্রেস নেতারা। সারা রাত থাকার প্রস্তুতি নেওয়া হলেও শেষ পর্যন্ত পুলিশি হস্তক্ষেপে প্রবল ধস্তাধস্তির পর বাসে তোলা হয় রাহুল, প্রিয়ঙ্কা-সহ উপস্থিত কংগ্রেস নেতা, তৃণমূলের ডেরেক ও' ব্রায়েন, মহুয়া মৈত্রদের। পরে অবশ্য তাঁদের ছেড়ে দেওয়া হয়।

কপিল সিব্বলের মতো আইনজীবী, যোগেন্দ্র যাদবের মতো প্রাক্তন আপ নেতা। অন্যদিকে, দেশের বিভিন্ন প্রান্তে পড়ুয়া, কৃষক, নারীদের নানা ইস্যুতে যেখানে যে সরকার-বিরোধী নাগরিক আন্দোলন চলছে, তা একত্রিত করতে 'সত্যাগ্রহ' নামে একটি ডিজিটাল প্ল্যাটফর্ম চালু করলেন কংগ্রেস নেতা ও লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী।

৪ অক্টোবর ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনের (এসআইআর) সময়ে পশ্চিমবঙ্গ-সহ বিভিন্ন রাজ্যে লক্ষ লক্ষ ভোটারের নাম বাদ দেওয়ার তীব্র সমালোচনা করলেন সুপ্রিম কোর্টের বিচারপতি উজ্জ্বল ভুঁইয়া। হায়দরাবাদে নালসার আইন বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠানে বক্তৃতা দিতে গিয়ে বিচারপতি ভুঁইয়া বলেন, 'যদি কোনও প্রক্রিয়ার ফলে লক্ষ লক্ষ ভারতীয় নাগরিক ভোটাধিকার থেকে বঞ্চিত হন এবং নিজের দেশেই দ্বিতীয় শ্রেণির নাগরিকে পরিণত হন অর্থাৎ ভোটাধিকারহীন নাগরিক হয়ে ওঠেন, তাহলে সহজাতভাবেই সেই প্রক্রিয়াটি স্বেচ্ছাচারী। অন্যদিকে, জ্ঞানেশ কুমারের বিরুদ্ধে আন্দোলন এবং তার জেরে দিল্লি পুলিশের দমননীতিতে পর পর তিনদিন যন্তর মন্তর সংলগ্ন অঞ্চল সংঘর্ষস্থলে পরিণত হল। এদিন নাটকীয়ভাবে নম্বরপ্লেটহীন গাড়িতে ধর্ণাস্থল থেকে তুলে নিয়ে যাওয়া হয় আইসা-র সভানেত্রী নেহা বোরাকে। পরে নারোলা থানা এলাকায় তাঁকে ছেড়ে দেয় দিল্লি পুলিশ।

তৃণমূল কংগ্রেসের আরও এক পদত্যাগী সাংসদ তথা অভিনেত্রী রুক্মিণী (কোয়েল) মল্লিককে রাজ্যসভায় প্রার্থী করল বিজেপি। এর আগে সুখেন্দুশেখর রায়, সুস্মিতা দেব এবং প্রকাশ চিক বরাইকের ধারা মেনেই কোয়েলকে দলে টানল তারা। প্রসঙ্গত, গত ১৬ জুলাই সাংসদ পদ থেকে ইস্তফা দেওয়ার পরে কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদবের সঙ্গে দেখা করেছিলেন কোয়েল।

জ্ঞানেশ কুমারের বিরুদ্ধে তদন্তের নির্দেশ দিল কেরল সরকার



৪ অক্টোবর: পুরনো একটি মামলায় মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের বিরুদ্ধে তদন্তের নির্দেশ দিল কেরল সরকার। উল্লেখ্য, নরেন্দ্র মোদী সরকারের ২০২৩-এর নির্বাচন কমিশনার নিয়োগ আইনে জ্ঞানেশ কুমারকে পুরোপুরি আইনি রক্ষাকবচ দেওয়া হয়েছে। মুখ্য নির্বাচন কমিশনার হিসেবে তাঁর কাজ নিয়ে বিরোধীদের অভিযোগ থাকলেও তাঁর বিরুদ্ধে কোনও আইনি প্রক্রিয়া চালু করা যাবে না। এই বিষয়টি সামনে আসার পরই কেরলের কংগ্রেস সরকার জ্ঞানেশ কুমারের বিরুদ্ধে ২০ বছর আগের একটি তদন্তের ফাইলের খোঁজ শুরু করেছিল। এদিন কেরলের পুলিশমন্ত্রী রমেশ চেন্নিথালা ২০০৬ সালে জ্ঞানেশ কুমারের বিরুদ্ধে ঘুষ নেওয়া ও দুর্নীতির অভিযোগের তদন্তের নির্দেশ দিয়েছেন।

চিকিৎসা বিজ্ঞানে নোবেল তিন বিজ্ঞানীকে

বাঁদিক থেকে: কার্ল ডাইসেরথ, পিটার হেগেম্যান ও জর্জ নাজেল

৫ অক্টোবর: এবছর চিকিৎসাবিজ্ঞানে নোবেল পুরস্কার পেলেন কার্ল ডাইসেরথ, পিটার হেগেম্যান ও জর্জ নাজেল। সুইডেনের স্টকহোমে 'নোবেল কমিটি ফর ফিজিয়োলজি অব মেডিসিন-এর তরফে পার ভেনিংসন জানিয়েছেন, অপ্টোজেনেটিক্স প্রযুক্তি মস্তিষ্ককে যে চোখে দেখার সুযোগ করে দিয়েছে তাতে স্কিৎজোফ্রেনিয়া অ্যালঝাইমার্স বা পার্কিনসনসের মতো রোগ নিরাময়ের পথ সহজ হবে বলে আশা করা যাচ্ছে। উল্লেখ্য, এককোষী শৈবাল ক্ল্যামাইডোমোনাস-এর এক বিশেষ প্রোটিনের আলোক সংবেদী ধর্মকে কাজে লাগিয়ে স্নায়ু-সঙ্কেত নিয়ন্ত্রণের পদ্ধতি যা অপ্টোজেনেটিক্স-কে কাজে লাগিয়ে এই বিজ্ঞানী ত্রয়ী করে দেখিয়েছেন তারই স্বীকৃতি মিলল।

৫ অক্টোবর প্রয়াত হলেন জনপ্রিয় লেখক ও প্রাক্তন রাজনীতিবিদ জেফ্রি আর্চার (৮৬)। পাঁচ দশকের লেখক জীবনে তাঁর বই বিক্রি হয়েছে ৩০ কোটিরও বেশি। ব্রিটেনের প্রাক্তন কনজারভেটিভ সাংসদ আর্চার ২০০১ সালে মিথ্যা সাক্ষ্যের অভিযোগে কারাবন্দি হয়েছিলেন। তাঁর শেষ বই 'অ্যাডাম অ্যাড ইভ' চলতি মাসেই প্রকাশিত হওয়ার কথা।

রাজ্য মন্ত্রিসভার বৈঠকে প্রায় ১৫ হাজার নতুন পদ তৈরির প্রস্তাবে ছাড়পত্র দেওয়া হল। বিভিন্ন দফতর মিলিয়ে ১৪,৪৫৪টি পদ তৈরির প্রস্তাব অনুমোদিত হয়েছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন ৬-৮ মাসের মধ্যে. এই নিয়োগ হবে। পাবলিক সার্ভিস কমিশন, পুলিশ নিয়োগ বোর্ড এই নিয়োগ করবে। বাকি নিয়োগ হবে স্বাস্থ্য, বিচার, সর্বশিক্ষা, সংশোধনাগার, বন, দমকল, স্বরাষ্ট্র, কলকাতা পুলিশ, রিজার্ভ ফোর্স এবং ২৯টি মহিলা থানায়।

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে অস্বস্তিতে ফেলে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সূর্যকান্তের বেঞ্চ মন্তব্য করল নতুন ভোটারদের নাম তোলার জন্য নির্বাচন কমিশনের ৬ নম্বর ফর্মে কোনওরকম রদবদলে অনুমোদন শীর্ষ আদালত দেয়নি। কারণ, ২৬ সেপ্টেম্বর নির্বাচন কমিশন একটি প্রেস নোটে জানিয়েছিল, ৬ নম্বর ফর্মে রদবদল সুপ্রিম কোর্ট অনুমোদিত। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের বিরুদ্ধে দুই নির্বাচন কমিশনারের একতরফা সিদ্ধান্ত নেওয়ার নালিশ নিয়ে দায়ের হওয়া এক জোড়া মামলার শুনানি ছিল এদিন। মুখ্য নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনের হলফনামা চেয়ে প্রধান বিচারপতি সূর্যকান্ত বলেছেন, 'এ বিষয়ে কমিশনকে বাখ্যা দিতে হবে।'

স্বনির্ভরতার সন্ধান

মোমের আলোয় আয়ের দিশা

মোমবাতি আর শুধু বিদ্যুৎ চলে গেলেই ঘর আলো করে না, এখন ডিজাইনার মোমবাতি শৌখিন গৃহকোণকেও সাজিয়ে তুলছে। বর্ণে গন্ধে আকারে নান্দনিক এই মোমবাতি উপহার হিসেবেও চমৎকার! প্রশিক্ষণ আর নিজের উদ্ভাবনী দক্ষতা থাকলে মোমবাতির ব্যবসায় লাভ আছে।

নিজস্ব প্রতিনিধি: সামনেই উৎসবের মরসুম। দুর্গাপুজো, দীপাবলি, জগদ্ধাত্রী পুজো, ছট, ডিসেম্বরে বড়দিন এবং নতুন বছর। এই কয়েকটা মাস জুড়ে বেশ কিছু জিনিসের বিক্রি বেড়ে যায়। তার মধ্যে অন্যতম মোমবাতি। শুধু আমাদের রাজ্যে নয়, দেশ জুড়ে চাহিদা বাড়ে মোমবাতির।

তবে ধর্মস্থান ও উৎসবের বাইরেও সারা বছর মোমবাতির চাহিদা আছে। সারা বছর শয়ে শয়ে সাধারণ ও ডিজাইনার মোমবাতি বিক্রি হয়। ডিজাইনার মোমবাতির মধ্যে নানা আকৃতি ও রঙের জেল, সুগন্ধী, ভাসমান মোমবাতির চাহিদা খুব। এ ছাড়া আছে সম্পূর্ণ প্রাকৃতিক মউ-মোম।

বাজারে চাহিদা যথেষ্ট বলেই শহর ও গ্রামের বেকার তরুণ-তরুণীরা মোমবাতি তৈরি করে ও বিক্রি করে উপার্জনের কথা ভাবতে পারেন। তবে, সাধারণ মোমবাতির চাহিদা সবচেয়ে বেশি।

ডাইস কিংবা মেশিন

সাধারণ মোমবাতি তৈরি করতে মেশিনের দরকার পড়ে না, ডাইস ব্যবহার করলেই হয়। কলকাতার শ্যাম মেশিনারি অ্যান্ড ইন্ডাস্ট্রিজের কর্ণধার আবির বসু বললেন, 'খুব কম পুঁজি নিয়ে ছোট জায়গার মধ্যে মোমবাতি তৈরি শুরু করা যায়। এর জন্য বড় মেশিন কেনার প্রয়োজন নেই। ডাইস কিনলেই হবে। বিভিন্ন সাইজের সাদা ও রঙিন এবং স্পাইরাল মোমবাতি তৈরি করা যায় এই ডাইসের মাধ্যমে। ডাইসের দাম ১,৪০০ টাকা থেকে ৬,০০০ টাকার মধ্যে। পুজোর আগে ব্যবসা শুরু করতে পারেন। এখন মোমবাতির চাহিদা বেশ ভালো।'

তবে যাঁরা বড় পরিসরে মোমবাতির ব্যবসা করতে চান তাঁরা মেশিন কিনতেই পারেন। মেশিন পাওয়া যায় ১০-১২ হাজার টাকা থেকে আড়াই লক্ষ টাকা দামের মধ্যে। কোনওটা ম্যানুয়াল, কোনওটা আবার সেমি-ম্যানুয়াল।

মেশিন কোথায় পাবেন: শ্যাম মেশিনারি অ্যান্ড ইন্ডাস্ট্রিজ, ৬১, গণেশচন্দ্র অ্যাভিনিউ, কলকাতা-৭০০ ০১৩, ফোন: ৯৮৭৪৯-৫৩৮৬৫, ৯৯০৩৫-৮৭৪০০, ৯৪৩২৪-২২০৮৬।

পরিবেশবান্ধব মউ-মোমের প্রদীপ

আমডাঙার মধুবন স্বনির্ভর মউপালক গোষ্ঠী মাটির ভাঁড়ে বা প্রদীপে মউ-মোমের প্রদীপ তৈরি করছে। পুজোয় বা অন্দরসজ্জায় ব্যবহার করা যায় এগুলি।

প্রাকৃতিক মোম বা মউ-মোমের উৎস মৌমাছি। মৌমাছি চাক তৈরির জন্য মোম ব্যবহার করে। এই মোম সংগ্রহ করেন মউ বা বি-কিপাররা। মধুবনের মউ-রাও মধু সংগ্রহের পাশাপাশি চাক থেকে প্রাকৃতিক মোম সংগ্রহ করেন, মৌমাছিকে কোনও আঘাত না করেই। প্রাকৃতিক মোমের স্বাভাবিক সুগন্ধ আছে। এই মোমে ফুলের পরাগ এবং মধুও মিশে থাকে।

আগ্রহীরা মউ-মোমের প্রদীপ কিনতে পারবেন সরাসরি মধুবন থেকে। পাইকারি হারে কিনে বিক্রিও করতে পারেন। মাটির প্রদীপের গায়ে রং দিয়ে নকশা এঁকে এটিকে আরও সুন্দর করে তোলা হয়। মউ-মোমের প্রদীপ বেশ কয়েক ঘণ্টা জ্বলে। শুধু উৎসবের আগে নয়, সারা বছরই এই মোমবাতি সংগ্রহ করতে পারবেন এই সংস্থার কাছ থেকে। **যোগাযোগ:** ৭৩৬৫৮-৬১০১৭ (ফোন করার সময় সকাল ১১টা থেকে বিকেল ৫টা)।

ডিজাইনার মোমবাতি

ডিজাইনার মোমবাতির ক্ষেত্রে অন্যতম মূল বিষয়, ডিজাইন। ব্যবসার পথ প্রশস্ত হবে যদি ডিজাইন অভিনব হয় এবং মান ভালো হয়। ডিজাইনার মোমবাতি বানানোর জন্য প্রশিক্ষণ নিলে ভালো! সরকারি-বেসরকারি একাধিক সংস্থা, সাধারণ ও ডিজাইনার মোমবাতি তৈরির প্রশিক্ষণ দেয়। রামকৃষ্ণ মিশন, ভারত সেবাশ্রম সঙ্ঘ, অ্যাপারেল ট্রেনিং অ্যান্ড ডিজাইন সেন্টার (ভারত সরকারের বস্ত্র মন্ত্রকের সাহায্যপ্রাপ্ত সংস্থা), এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউট (বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি-র সহযোগী সংস্থা) ইত্যাদি সংস্থা এ বিষয়ে প্রশিক্ষণ দেয়। এ ছাড়া ভারতের বিভিন্ন শহরে খাদি অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রিজ কমিশনের মাল্টি ডিসিপ্লিনারি ট্রেনিং সেন্টারগুলিতেও মোমবাতি তৈরির প্রশিক্ষণ দেওয়া হয়। মোমবাতি তৈরির প্রশিক্ষণের সার্টিফিকেট থাকলে পরবর্তী কালে এই ব্যবসার জন্য ঋণ পেতে সুবিধে হবে।

ভারত সরকারের ন্যাশনাল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের অন্তর্ভুক্ত বেসরকারি সংস্থা 'প্রগতি'ও মোমবাতি তৈরি করা শেখায়। বছরের যে-কোনও সময়ই ভর্তি হওয়ার জন্য আবেদন করা যায়। সাধারণ মোমবাতি, জেল, ভাসমান, সুগন্ধী, টেক্কা বা তেকোনা— বিভিন্ন আকৃতির বহুবর্ণ মোমবাতি এবং মশা তাড়ানোর মোমবাতি তৈরিও শেখা যাবে। কাজ শেখার পরে কীভাবে ব্যবসা করবেন, কোথা থেকে উপকরণ সংগ্রহ করবেন এবং বিপণন কীভাবে করবেন, সেই সম্পর্কে যাবতীয় ধারণা দেওয়া হবে। কর্মশালায় মোমবাতি তৈরির যাবতীয় উপকরণ দেওয়া হয়। বাইরে থেকে শিক্ষার্থীকে কিছু আনতে হয় না। প্রশিক্ষণের খরচ ৯,৮০০ টাকা। প্রশিক্ষণের পরে সার্টিফিকেট দেওয়া হয়। **যোগাযোগ:** প্রগতি, নর্থ ঘোষপাড়া গ্যাসগিট রোড, বালি, হাওড়া। ফোন: ২৬৭১-০২৯২ (সকাল ১১টা থেকে বিকেল ৫টা)। মোবাইল: ৯৪৩২৪-৯০৩২৯।

মোমবাতির চাহিদা থাকে সারা বছর। মোমবাতি কেনার ক্ষেত্রে ব্র্যান্ড দেখেন না অধিকাংশ ক্রেতাই, তাই যাঁরা কম পুঁজি নিয়ে মোমবাতি তৈরির ব্যবসা করবেন, তাঁরা স্থানীয় ভাবেই তা বিক্রি করতে পারবেন।

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পশ্চিমবঙ্গ সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক

নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. Fill in the blank with correct alternative.
Catching the earlier train will give us the_____to do some shopping.
(a) chance (b) luck (c) possibility (d) occasion
2. Which word is synonymous with 'PROPEL'
(a) Drive (b) Jettison (c) Burst (d) Modify
3. Which idiom means 'To cry wolf'?
(a) To listen eagerly (b) To give false alarm (c) To turn pale (d) To keep off starvation
4. What is the one-word substitution for 'Story of old time gods or heroes is':
(a) Traditional (b) Epic (c) Legend (d) Romance
5. What is the Synonym of 'ENGENDER'?
(a) Confound (b) Suffer (c) Sacrifice (d) Beget
6. Find the correct spelt word.
(a) Adulterate (b) Adeldurate (c) Adulterat (d) Adultarate
7. Fill in the blank with the correct preposition:
My uncle has been at Surat ______ a long time.
(a) from (b) in (c) since (d) for
8. The word 'NUMINOUS' means:
(a) Amazing (b) Ugly (c) Inspiring (d) Heavy
9. Change the voice from active to passive:
The boy laughed at the beggar.
(a) The beggar was laughed by the boy (b) The beggar was being laughed by the boy (c) The beggar was being laughed at by the boy (d) The beggar was laughed at by the boy
10. Select the pair which has the same relationship.
LIGHT : BLIND
(a) Speech : Dumb (b) Language : Deaf (c) Tongue : Sound (d) Voice : Vibration
11. Fill in the blanks with correct article:
Would you like to have ___ cup of tea?
(a) the (b) an (c) a (d) None of the above
12. Fill in the blank with correct alternative.
The girls are____ their home task?
(a) doing (b) do (c) does (d) going to do
13. Choose the correct subordinating conjunction:
'We went to the market _____ the weather was nice.'
(a) market (b) nicely (c) weather (d) because
14. Which word means 'coarse and rude.'?
(a) Unkind (b) Incriminate (c) Ugly (d) Vulgar
15. Antonym of the word ' AMICABLE'
(a) Cunning (b) Shy (c) Hostile (d) Crazy
16. What is the one-word substitution for 'One who possesses many talents'
(a) Versatile (b) Gifted (c) Exceptional (d) Nubile
17. The word 'Cacographies' means:
(a) Amazing hand writing (b) a person skilled in foreign languages (c) bad handwriting or spelling (d) a worker who has acquired special skills
18. Fill in the blanks with correct word given below.
The cinema ______ a welcome escape from cramped and dull city life and the Indians are avid movie-goers.
(a) depicts (b) highlights (c) follows (d) offers
19. Find out that word, the spelling of which is wrong.
(a) Termination (b) Culmination (c) Determination (d) Defination
20. Fill in the blank with correct alternative.
At the age of 17 he left home to travel _______ India.
(a) across (b) around (c) looking for (d) whole
21. Fill in the blanks with correct article:
Organic brown rice is ___ unpolished and wholegrain rice.
(a) the (b) an (c) a (d) none of the above
22. What is the Nearest meaning of 'NOSTALGIC'
(a) Return Home (b) Homesick (c) Diseased (d) No logic
23. Fill in the blank with correct word given below.
The man came in a van to ____ the television set.
(a) mend (b) reform (c) correct (d) alter
24. What is the opposite word of 'DORMANT'
(a) Active (b) Modern (c) Permanent (d) Transient
25. Identify the tense used in the following sentence:
I will give him a gift.
(a) Simple Present (b) Simple Past (c) Present Continuous (d) Simple Future
26. Fill in the blank with the correct alternative.
Wash hands with soap and water for at least 20 seconds____ handling food.
(a) before (b) after (c) before and after (d) never
27. Find out a word, the spelling of which is wrong.
(a) Bifurcation (b) Verdiction (c) Deformation (d) Dedication
28. Fill in the blank with correct alternative.

এরপর এগারোর পাতায়

কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল

টিয়ার-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. The appropriate synonym of the word 'essential' is:
(a) Necessary (b) Optional (c) Temporary (d) Partial
2. The antonym of the word 'rare' is:
(a) Scarce (b) Common (c) Insufficient (d) Limited
3. Fill in the blank with the correct word:
'He is ___ honest man.'
Which indefinite article should be used before 'honest'?
(a) a (b) an (c) the (d) None
4. Identify the correct spelling.
(a) Accommodation (b) Acommodation (c) Accomodation (d) Acomodation
5. What is the meaning of the idiom 'break the ice'?
(a) To quarrel (b) To break silence and start a conversation (c) To end a relationship (d) To become strict
6. Which is the correct sentence?
(a) He does not know (b) He does not knows (c) He do not know (d) He knew not
7. The appropriate English word for 'someone who gets angry easily' is:
(a) Optimistic (b) Irritable (c) Generous (d) Humble
8. What is the correct form of indirect speech? "He said, 'I am tired'."
(a) He said that I am tired (b) He said that he was tired (c) He says that he was tired (d) He said that he is tired
9. The antonym of the word 'fast' is:
(a) Swift (b) Quick (c) Slow (d) Speedy
10. 'He is good ___ mathematics.'
The appropriate preposition is:
(a) in (b) at (c) on (d) for
11. The appropriate meaning of 'shirk responsibility' is:
(a) Accept responsibility (b) Avoid responsibility (c) Bear responsibility (d) Fulfill duty
12. The correct passive voice English equivalent of 'Bengali is spoken here' is:
(a) Bengali is spoken here (b) Bengali was spoken here (c) Bengali has been spoken here (d) Bengali is being spoken here
13. The word meaning 'very careful about small details' is:
(a) Meticulous (b) Careless (c) Swift (d) Indifferent
14. 'Neither of the two boys ___ present.'
The correct verb is:
(a) are (b) were (c) is (d) have
15. The idiom meaning 'very rarely' is:
(a) Every day (b) Once in a blue moon (c) Regularly (d) Always
16. The English synonym of 'praise' is:
(a) Blame (b) Applaud (c) Punishment (d) Complaint
17. 'Every student ___ a book.'
The correct verb form is:
(a) have (b) has (c) having (d) had
18. The word meaning 'kind and benevolent' is:
(a) Cruel (b) Beneficent (c) Miserly (d) Arrogant
19. The correct spelling of the English word meaning 'special right' is:
(a) Priviledge (b) Privilege (c) Privelege (d) Privillage
20. The word meaning 'overly confident' is:
(a) Arrogant (b) Timid (c) Humble (d) Calm
21. Which is the correct structure for a conditional (unreal) sentence?
(a) If I were you, I would accept it (b) If I was you, I will accept (c) If I am you, I would accept (d) If I were you, I will accept
22. The phrasal verb meaning 'to take care of' is:
(a) Look after (b) Look into (c) Look down (d) Look away
23. 'The news ___ true.'
The correct verb is:
(a) are (b) were (c) is (d) have
24. The antonym of 'transparent' is:
(a) Clear (b) Opaque (c) Visible (d) Bright
25. Which conjunction is used in the correct English structure for 'No sooner had he arrived than it started raining'?
(a) No sooner...than (b) No sooner...when (c) No sooner...then (d) No sooner...while
26. Complete the series: 3, 8, 18, 38, 78, ?
(a) 156 (b) 158 (c) 160 (d) 162
27. If A = 1, B = 2, ... Z = 26, What is the value of BAT?
(a) 21 (b) 23 (c) 25 (d) 27
28. Rina is 17th from the left and 24th from the right. How many

এরপর নয়ের পাতায়

ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. যদি 963 = 57 নির্দেশ করে তবে 963-র মধ্যে কোন চিহ্ন হবে?
(a) + ÷ (b) × + (c) ÷ + (d) ÷ +
2. যদি DECIDE শব্দের সংকেত 453945 লিখি তবে 8978 সংকেতের কী শব্দ লিখব?
(a) GHEE (b) BHEE (c) CDEH (d) HIGH
3. নীচের চারটি শব্দের মধ্যে একটি শব্দ অপর তিনটি থেকে ভিন্ন। ভিন্ন শব্দ কোনটি?
(a) কুঁড়ি (b) শাখা-প্রশাখা (c) চারাগাছ (d) পাতা
4. সংখ্যাশ্রেণীর (?) চিহ্নিত স্থানে কোন সংখ্যা বসবে?
1 4 9 16 25 ? 49
(a) 32 (b) 36 (c) 29 (d) 35
5. (?) চিহ্নিত স্থানে সঠিক সংখ্যা বসিয়ে সংখ্যা শ্রেণিটি পূর্ণ করুন:
6, 11, 21, 36, 56, ?
(a) 91 (b) 51 (c) 81 (d) 42
নির্দেশ (6 এবং 7): *প্রশ্ন দু'টির শূন্যস্থান পূরণ করুন।*
6. b __ ab ___ a ___ __ ba ___ b.
(a) bbbaa (b) baabb (c) ababa (d) ababb
7. x ___ yzx __ y ___ __ xx __ y z
(a) yzzzxx (b) yxzzxz (c) xyxyzy (d) zyzyzy
8. Symphone শব্দটি composer শব্দটির সঙ্গে সম্পর্কযুক্ত, অনুরূপে Fresco শব্দটির সম্পর্কযুক্ত শব্দ কোনটি?
(a) Painter (b) Song star (c) Author (d) Inventor
9. Darkness শব্দটি Fear শব্দটির সঙ্গে সম্পর্কিত্ত, অনুরূপে Honesty শব্দটি কীসের সঙ্গে যুক্ত?
(a) Tiredness (b) Victory (c) Confidence (d) Deceive
10. যদি LAKE শব্দটির সংকেত KBJF এবং BIKE শব্দটির সংকেত AJJF লেখা হয় তবে TALE শব্দটির সংকেত কী লেখা হবে?
(a) SBFK (b) BSKF (c) UZMD (d) SBKF
নির্দেশ (11 থেকে 20): *শূন্যস্থান পূরণ করুন।*

11.


(a) 25 (b) 32 (c) 37 (d) 42
12.


(a) 60 (b) 46 (c) 56 (d) 81
13.

8	7	9
512	?	729

(a) 343 (b) 433 (c) 334 (d) 344
14.


(a) 15 (b) 10 (c) 7 (d) 5
15.


(a) 2 (b) 4 (c) 6 (d) 8
16.


(a) 9 (b) 10 (c) 11 (d) 12
17.


(a) 216 (b) 261 (c) 612 (d) 126
18.


(a) 85 (b) 58 (c) 84 (d) 48

এরপর নয়ের পাতায়

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

আটের পাতার পর

19.

9	4		8	7		13	12
97			133			?	

(a) 289 (b) 313 (c) 156 (d) কোনওটিই নয়

20.

	4				5			10	
8	4	12		10	5	15	21	?	32

(a) 10 (b) 15 (c) 6 (d) 11

নির্দেশ (21 থেকে 25): সঠিক বিকল্পটি চিহ্নিত করুন।

21. (a) পটনা (b) ভোপাল (c) হায়দরাবাদ (d) প্রয়াগরাজ

22. (a) 139117 (b) 138112 (c) 13791 (d) 13678

23. (a) C H (b) F D (c) B L (d) P E

24. (a) হরিণ (b) চিতাবাঘ (c) শিয়াল (d) নেকড়ে বাঘ

25. (a) কাক (b) পায়রা (c) রাজহাঁস (d) চিল

26. মির্জাপুর (উত্তর প্রদেশ) কোন বস্তুর জন্য বিখ্যাত?
(a) লৌহ ইস্পাত (b) কাচের চুড়ি (c) স্বর্ণখনি (d) কার্পেট

27. DAV স্কুল কে প্রতিষ্ঠা করেন?
(a) লালা লাজপত রাই (b) লালা হংসরাজ (c) স্বামী শ্রদ্ধানন্দ (d) দয়ানন্দ সরস্বতী

28. অমর্ত্য সেন প্রতিষ্ঠিত জনহিতকর সংস্থাটির নাম কী?
(a) প্রতীচি (b) দধীচি (c) পথের পাঁচালি (d) উদয়ন

29. 'শতদ্রু' নদীর তীরে নীচের কোন শহরটি অবস্থিত?
(a) শ্রীনগর (b) লখনউ (c) লুধিয়ানা (d) হায়দরাবাদ

30. মুন্ডেশ্বরী কোন নদীর প্রধান শাখানদী?
(a) সুবর্ণরেখা (b) দামোদর (c) অজয় (d) কংসাবতী

31. গরমপানি অভয়ারণ্য কোন রাজ্যে অবস্থিত?
